রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-১২/২০২০ তারিখ: ১৮.১০.২০২০

বিষয়ঃ মৎস্য চাষ ঋণ নীতিমালা ও নিয়মাচার প্রসঙ্গে।

নদী, খাল, পুকুর, ডোবা এবং জলাশয়ের দেশ বাংলাদেশ। মৎস্য এদেশের সংস্কৃতি এবং ঐতিহ্যের অবিচ্ছেদ্য অংশ। জীবিকা নির্বাহ, বৈদেশিক মুদ্রা অর্জন, আমিষের চাহিদা পূরণে মৎস্য চাষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। দেশের খাদ্য স্বয়ংসম্পূর্ণতা অব্যাহত রাখাসহ আমিষের চাহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে অন্যান্য খাতের পাশাপাশি মৎস্য খাতে উৎপাদন বৃদ্ধি বা গতিশীলতা প্রয়োজন। পুকুর-জলাশয়ে বৈজ্ঞানিক পদ্ধতিতে মৎস্য চাষের মাধ্যমে আমিষের চাহিদা পূরণ, বেকার জনগোষ্টির কর্মসংস্থান এবং অর্থনৈতিক গতি সঞ্চারণের ক্ষেত্রে মৎস্য খাতের অপার সম্ভবনাকে উন্মোচন করণের লক্ষ্যে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে মৎস্য চাষ ঋণ নিয়মাচার এবং নিবিড় পদ্ধতিতে মৎস্য চাষের জন্য রাকাব এ মৎস্য পল্লী ঋণ নিয়মাচার প্রণয়ন করা হয়েছে। সাম্প্রতিককালে নিবিড় পদ্ধতিতে বিভিন্ন প্রজাতির মৎস্য চাষ এবং মৎস্য চাষের উপকারণসমূহের মূল্য বৃদ্ধির ফলে মৎস্য চাষের খরচ বৃদ্ধি পেয়েছে। মাঠ কার্যালয়ে ঋণ মঞ্জুরি ও বিতরণে গতিশীলতা আনয়নের লক্ষ্যে মৎস্য ঋণের নীতিমালা ও নিয়মাচার হালনাগাদ করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এতদপ্রেক্ষিতে এ ব্যাংক এর মৎস্য চাষ বিষয়ে ১০.০৭.২০১৭ তারিখের সার্কুলার নং-০৪/২০১৭ বাতিল করে ২৫.০৮.২০২০ তারিখে পরিচালনা পর্ষদের ৫১৮ তম সভায় মৎস্য চাষের ঋণ নীতিমালা ও নিয়ামাচার নিম্নরূপ অনুমোদন দেয়া হয়েছে:

ক. মৎস্য চাষ (চলতি পুঁজি) ঋণঃ

১। ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ

গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচন এবং অভ্যন্তরীণ সম্পদ বৃদ্ধির জন্য মৎস্য চাষে প্রান্তিক ও পেশাদার মৎস্যজীবীদের একক/যৌথ মালিকানাধীন অথবা ইজারা প্রাপ্ত বিভিন্ন আয়তনের পুকুরে/জলাশয়ে মৎস্য চাষের জন্য শুধুমাত্র পরিচালন ব্যয় (পোনা ক্রয়, খাদ্য সরবরাহ, অন্যান্য খরচ, ঔষধ ইত্যাদি) বাবদ চলতি পুঁজ ঋণ প্রদান করা যাবে। এ ক্ষেত্রে পুকুর পুনঃখনন, পুকর তৈরিকরণ, ইজারা খরচ/মূল্য ইত্যাদি খাতে উদ্যোক্তার নিজস্ব বিনিয়োগ সম্পন্ন হবার পরই ব্যাংক ঋণ বিবেচনা করা যাবে।

২। বাস্তবায়ন এলাকাঃ

রাকাব এর আওতাধীন কার্য এলাকায় এ ঋণ কর্মসূচীর মাধ্যমে ঋণ বিতরণ করা যাবে। প্রতিটি শাখার আওতাধীন এলাকার আগ্রহী মৎস্য চাষীগণ সংশ্লিষ্ট শাখা থেকে এ ঋণ সুবিধা গ্রহণ করতে পারবে।

৩। ঋণ প্রস্তাব মূল্যায়ন এবং প্রক্রিয়াকরণঃ

শাখার মাঠ পর্যায়ে কর্মরত মাঠকর্মী/মাঠ কর্মকর্তা আলোচ্য ঋণ প্রস্তাব মূল্যায়ন এবং প্রক্রিয়াকরণ করতে পারবেন।

(চলমান পাতা-০২)

৪। ঋণের নর্মসঃ

চলতি পুঁজি ঋণের আওতায় বিভিন্ন প্রজাতির মৎস্য বাণিজ্যিক ভিত্তিতে চাষের জন্য পুকুর বা জলাশয়ের আয়তন মোতাবেক পরিচালন ব্যয় বিবেচনা পূর্বক নিম্নরুপ পরিমাণে ঋণ মঞ্জুরি প্রদান করা যাবে:

ক্রঃ নং	খাতের নাম	অর্থায়ন পরিকল্পনা (টাকায়)				সংযোজনী
		জলায়তন	মোট উৎপাদন ব্যয়	ব্যাংক ঋণ (৮০%)	উদ্যোক্তার বিনিয়োগ (২০%)	
১	কৈ, টেংরা ও পুঁটি জাতীয় মছের মিশ্র চাষ	৩৩ শঃ	২,২০,০০০.০০	১,৭৬,০০০.০০	৪৪,০০০.০০	'ক'
২	পাঙ্গাস ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ	৩৩ শঃ	২,০২,০০০.০০	১,৬২,০০০.০০	৪০,০০০.০০	'খ'
৩	পাঙ্গাস মাছ চাষ	৩৩ শঃ	১,৯৫,০০০.০০	১,৫৬,০০০.০০	৩৯,০০০.০০	'গ'
৪	মনোসেক্স তেলাপিয়া মাছ চাষ	৩৩ শঃ	২,৬২,৩০৫.০০	২,০৯,৮৪৫.০০	৫২,৪৬০.০০	'ঘ'
৫	কার্প জাতীয় মাছ চাষ	৩৩ শঃ	১,৩৪,০০০.০০	১,০৭,০০০.০০	২৭,০০০.০০	'ঙ'
৬	গলদা চিংড়ি ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ	৩৩ শঃ	১,১৮,০০০.০০	৯৪,০০০.০০	২৪,০০০.০০	'চ'
৭	পাবদা ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ	৩৩ শঃ	১,১৭,৫০০.০০	৯৪,০০০.০০	২৩,৫০০.০০	'ছ'
৮	শিং,মাগুর ও কার্প জাতীয় মাছের মিশ্র চাষ	৩৩ শঃ	১,৪৩,৮৩৫.০০	১,১৫,০৬৮.০০	২৮,৭৬৭.০০	'জ'
৯	নার্সারী পুকুরে কার্প জাতীয় মাছের রেণু/পোনা চাষ	৩৩ শঃ	৪৫,০০০.০০	৩৬,০০০.০০	৯,০০০.০০	'ঝ'
১০	কুচিয়া চাষ	২ শঃ	১,২৩,২৫৫.০০	৯৮,৬০৪.০০	২৪,৬৫১.০০	'ঞ'
১১	মুক্তা চাষ	৩৩ শঃ	২,৩৭,৫৮০.০০	১,৯০,০০০.০০	৪৭,৫৮০.০০	'ট'

জলাশয়ে মৎস্য চাষ, খাঁচায় মৎস্য চাষ, পেন পদ্ধতিতে মৎস্য চাষ এবং বায়োফ্লক পদ্ধতিতে মৎস্য চাষের জন্য ঋণ প্রদান করা যাবে। প্রাক্কলিত খরচ একক হিসাবে ধরে বিভিন্ন আয়তনের পুকুর/জলাশয়ে ঋণের পরিমাণ নিরূপণ করতে হবে। প্রদত্ত মোট উৎপাদন খরচের ৮০% চলতি পুঁজি হিসেবে ঋণ প্রদান করা যাবে। প্রদর্শিত প্রজাতি ব্যতিত অন্য প্রজাতির মৎস্য চাষ বা মিশ্র চাষের জন্যও প্রকৃত উৎপাদন খরচের প্রাক্কলন করে প্রাক্কলিত খরচের ৮০% ঋণ প্রদান করা যাবে। অবশিষ্ট ২০% উদ্যোক্তা কর্তৃক ইকুইটি/মার্জিন হিসেবে বিনিয়োগ করতে হবে। মৎস্য চাষের ক্ষেত্রে উপরিল্লিখিত তথ্যের আলোকে বিস্তারিত নর্মস পরিশিষ্ট 'ক,খ,গ,ঘ,ঙ,চ,ছ,জ,ঝ,ঞ,ট' এ সংযুক্ত করা হলো।

৫। জামানতঃ

(ক) একক এবং নিজস্ব মালিকানাধীন পুকুরের ক্ষেত্রে ঋণের বিপরীতে চাষাধীন পুকুর/জলাশয় যথানিয়মে বন্ধক গ্রহণ করতে হবে। প্রচলিত নিয়ম অনুযায়ী ঋণাংকের ১.৫ গুণ কাভার করে নিরুপিত মূল্যের সহায়ক জামানত গ্রহণ করতে হবে। জামানত মূল্য নিরুপণের ক্ষেত্রে ঋণ ও অগ্রিম বিভাগ-১ হতে ১৮.০৪.২০১৯ তারিখে প্রণীত লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল এর অধ্যায় ১১ এ জামানতি সম্পত্তির মূল্য নির্ধারণ পদ্ধতি এবং অধ্যায় ১২ এ জামানতি সম্পত্তির স্বত্ত্ব নির্ধারণ ও লোন ডকুমেন্টেশন এর সকল নির্দেশনা অনুসরণ করতে হবে।

(খ) সহায়ক জামানত প্রদানে অসমর্থ ইজারা গ্রহণকারী প্রকৃত উদ্যোমী ও আগ্রহী উদ্যোক্তা পর্যাপ্ত সহায়ক জামানত প্রদানে অক্ষম হলে উদ্যোক্তার মাছ চাষের অভিজ্ঞতা, উদ্যম, বিশ্বস্থতা, স্থানীয় সুনাম ও সুখ্যাতি ইত্যাদি বিবেচনায় রেখে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য এবং ঋণাংকের (মঞ্জুরিকৃত ঋণের) কমপক্ষে ১.৫ গুণ টাকা পরিশোধ করতে সক্ষম এরুপ স্বচ্ছল একজন জামিনদারের ব্যক্তিগত নিশ্চয়তায় ঋণ প্রদান করা যাবে।

(চলমান পাতা-০৩)

ঋওঅবি-১ সার্কুলার নং-১২/২০২০ তারিখ: ১৮.১০.২০২০

জামানত বিহীন ঋণ মঞ্জুরির ক্ষেত্রে নিম্নোক্ত অতিরিক্ত নির্দেশনা পরিপালন করতে হবেঃ

ক. জামানতবিহীন ঋণের ক্ষেত্রে ব্যক্তিগত গ্যারান্টি (Personal gurantee) ও স্পাউস গ্যারান্টি (Spouse Gurantee) গ্রহণ করতে হবে; তবে একই ব্যক্তির নিকট থেকে একাধিক ঋণের ব্যক্তিগত নিশ্চয়তা গ্রহণ করা যাবে না।

খ. ঋণাংকের ১.৫ গুণ পরিমাণ আবৃত করে অগ্রিম তারিখ সম্বলিত তফসিলি ব্যাংকের চেক গ্রহণ করতে হবে; ফাঁকা চেক গ্রহণ করা যাবে না এবং ঋণগ্রহিতার নিকট থেকে যথাযথ মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত ছকে Memorandum of Deposit of Cheque গ্রহণ করতে হবে।

গ. নির্ধারিত দেয় তারিখ (Due date) অতিক্রান্ত হওয়ার ছয় মাসের মধ্যে ঋণ আদায় না হলে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঘ. জামানত বিহীন ঋণ কোন অবস্থাতেই একক ব্যক্তি/প্রতিষ্ঠানের নামে সকল প্রকারের ঋণ একীভূত করে ৩.০০ লক্ষ টাকার অধিক হতে পারবে না।

৬। ইজারা সময়কালঃ

মৎস্য চাষে চলতি পুঁজি ঋণের জন্য ইজারা প্রাপ্ত পুকুরের/জলাশয়ের ক্ষেত্রে ইজারার সময়কাল ন্যুনতম ৩ বছর হতে হবে। পরবর্তীতে ঋণটি নবায়ন বা বর্ধিতকরণসহ নবায়নের ক্ষেত্রে ইজারা চুক্তির মেয়াদ কমপক্ষে ঋণের মেয়াদ পর্যন্ত থাকতে হবে।

৭। ঋণের সময়কালঃ

দেশে সারা বছর সকল প্রজাতির পোনা পাওয়া যায় বিধায়, মৎস্য চাষকে মৌসুম ভিত্তিক সীমাবদ্ধ না রেখে বাস্তবতার নিরিখে সারা বছর মৎস্য চাষে চলতি পুঁজি ঋণ মঞ্জুর ও বিতরণ করা যাবে।

৮। ঋণের প্রকৃতি (পরিশোধ সূচি ও মেয়াদকাল):

মৎস্য চাষ ঋণের প্রকৃতি হবে চলতি পুঁজি ঋণ বিধায়, ঋণের মেয়াদ সর্বোচ্চ ১২ (বার) মাস। সারা বছর উত্তোলন সুবিধাসহ এ ঋণের ক্ষেত্রে চলতি পুঁজি ঋণের সকল নিয়মকানুন প্রযোজ্য হবে।

৯। সুদের হারঃ

মৎস্য চাষে চলতি পুঁজি ঋণ বিতরণের ক্ষেত্রে সুদ হার হবে ৯%(ত্রৈমাসিক)।তবে কোন ঋণ/বিনিয়োগের উপর উল্লিখিত হারে সুদ/মুনাফা ধার্য করার পরও যদি সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতা খেলাপি হিসেবে চিহ্নিত হয়, সে ক্ষেত্রে যে সময়কালের জন্য খেলাপি হবে অর্থাৎ মেয়াদী ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে খেলাপি কিস্তি এবং চলতি পুঁজি ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে মোট খেলাপি ঋণ/বিনিয়োগ এর উপর অতিরিক্ত ২% হারে দন্ড সুদ/অতিরিক্ত মুনাফা আরোপ করা হবে।

খ. মৎস্য পোনা প্রতিপালন (চলতি পুঁজি) ঋণঃ

১। ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ

মৎস্য পোনা প্রতিপালনের অন্যতম পূর্বশর্ত হচ্ছে সুস্থ সবল উন্নত জাতের পোনা সরবরাহ নিশ্চিত করা। এছাড়া মৎস্য রেণু থেকে ধানী পোনার জন্য নার্সারী বা আতুর পুকুর এবং ধানী থেকে পোনা প্রতিপালনের জন্য লালন বা চারা পুকুর সুষ্ঠু এবং দক্ষতার সাথে পরিচালনার মাধ্যমে চাষযোগ্য চারা পোনার উৎপাদন একটি লাভজনক ব্যবসা। দেশীয় কার্প জাতীয় মৎস্য রেণু থেকে ধানী পোনার জন্য নার্সারী পুকুর বা আতুর পুকুরে মৎস্য নিষিক্ত ডিম সাধারণতঃ ১৫ দিন প্রতিপালন করতে হবে। রেণু অবস্থায় মৎস্য জীবনচক্র অত্যন্ত নাজুক ও সংবেদনশীল। এ সময়ে সামান্য অব্যবস্থাপনার কারণে রেণুর মৃত্যু হার বেড়ে যাওয়ার ফলে আতুর পুকুর ব্যবস্থাপনা বেশ ঝুঁকিপূর্ণ থাকে বিধায় অভিজ্ঞ বা পেশাজীবী উদ্যোক্তা ছাড়া এ খাতে ঋণ প্রদান ঝুঁকিপূর্ণ হবে। তবে ধানী থেকে চারা উৎপাদনের প্রক্রিয়া অপেক্ষাকৃত ঝুঁকিমুক্ত এবং অতীব লাভজনক বিবেচনায় এ খাতে ঋণ প্রদান করা যাবে।

(চলমান পাতা-০৪)

২। ঋণের নর্মসঃ

ধানী থেকে চারা পোনা বা ফিঙ্গারলিংস (৫-১০ সেঃমিঃ) পর্যন্ত লালন পুকুর বা চারা পুকুর ব্যবস্থাপনার মাধ্যমে পোনা উৎপাদন খুবই লাভজনক। ধানী থেকে চারা উৎপাদনের চাষাবাদকাল প্রায় ৬০ দিন। প্রাকৃতিক ও হ্যাচারী উৎস্য থেকে ধানী সংগ্রহ করে বছরে ন্যুনতম ২/৩ চক্রে মাছের পোনা প্রতিপালন সম্ভব। মৎস্য পোনা প্রতিপালনের ক্ষেত্রে উপরোক্ত তথ্যাদির আলোকে বিস্তারিত নর্মস পরিশিষ্ট-'ঝ' আকারে সংযুক্ত করা হলো। ঋণের জামানত, পরিশোধসূচি, দলিলায়ন, সুদের হার, ঋণ নথি প্রক্রিয়াকরণ ইত্যাদি ক্ষেত্রে মৎস্য চাষে চলতি পুঁজি ঋণের অনুরূপ নিয়মনীতি অনুসরণ করতে হবে।

গ. মৎস্য খাদ্য 'উৎপাদন মেশিন' (মেয়াদী) ঋণঃ

সাম্প্রতিক বছরগুলোতে মৎস্য চাষ পদ্ধতির ব্যাপক উন্নয়ন এবং বহুমুখী হওয়ার প্রেক্ষিতে মাছের সম্পূরক খাদ্য অর্থাৎ পুকুরে প্রাকৃতিক উপায়ে উৎপাদিত খাদ্যের অতিরিক্ত সম্পূরক খাদ্য প্রয়োগ একটি আবশ্যকীয় বিষয়ে পরিণত হয়েছে। মাছের সম্পূরক খাদ্য প্রধানতঃ শর্করা (ধানের কুড়া/গমের ভূষি, খৈল), প্রোটিন (বিভিন্ন প্রকার শুটকী মাছ) এবং ভিটামিন/খনিজ পদার্থ এ তিনটি উপাদানের সমন্বয়ে তৈরি করা হয়। সম্পূরক খাদ্য তিনটি ধাপে প্রস্তুত করা হয়। প্রথম ধাপে খাদ্য উপাদানসমূহ পৃথকভাবে একটি ক্রাশিং মেশিনের সাহায্যে চূর্ণ করা হয়। পরবর্তীতে মাছের প্রজাতী ও বর্ধণ চাহিদা অনুসারে বিচূর্ণ খাদ্য উপাদানগুলো মিশ্রণ করা হয় এবং শেষ ধাপে মিশ্রিত ধাদ্য উপাদানগুলো দিয়ে মন্ড তৈরি করে পিলেট মেশিনের সাহায্যে দানাদার খাদ্য তৈরি করা হয়। ইহাই মাছের সম্পূরক খাদ্য। এই খাদ্য তৈরিতে মৎস্য খাতে ব্যাংক ঋণ প্রদান করা যাবে।

১. ঋণের নর্মসঃ

খাদ্য তৈরি প্রক্রিয়ায় ব্যবহৃত একটি মটর বা ডিজেল চালিত মাঝারি উৎপাদন ক্ষমতা সম্পন্ন ক্রাশিং মেশিন (হলারসহ) যার আনুমানিক মূল্য ১২,০০০.০০ থেকে ১৫,০০০.০০ টাকা, চালনিসহ একটি মিক্সার মেশিন যার আনুমানিক মূল্য ৫,০০০.০০ থেকে ৭,০০০.০০ টাকা এবং পিলেট তৈরির মেশিন প্রতিটি ৩,০০০.০০ থেকে ৪,৫০০.০০ টাকা হিসাবে একটি পূর্ণাঙ্গ খাদ্য তৈরির মেশিন বাবদ সর্বমোট ২৫,০০০.০০ থেকে ৩০,০০০.০০ টাকার প্রয়োজন হয়। খাদ্য তৈরির মেশিন ঋণের ক্ষেত্রে শুধুমাত্র মেশিন, চালনি, ট্রে বাবদ ঋণ দেয়া যাবে। মেশিনের ঘর, কাঁচামাল, উৎপাদিত পণ্যের মজুদ ঘর, খাদ্য শুকানোর জায়গা, মেশিন স্থাপন ও বৈদ্যুতিক সংযোগসহ অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম খরচ উদ্যোক্তাকে বহন করতে হবে।

২. ডাউন পেমেন্ট/ইকুইটি/মার্জিনঃ

প্রয়োজনীয় মেশিন মূল্যের ২০% ডাউন পেমেন্ট উদ্যোক্তাকে দিতে হবে।

৩. জামানতঃ

মেশিন মূল্যের ৫০% এবং ডাউন পেমেন্ট বাদে অবশিষ্ট ঋণের ঝুঁকি আবর্তনের জন্য যোগ্য সহায়ক জামানত গ্রহণ করতে হবে।

৪. যন্ত্রপাতি সংগ্রহ পদ্ধতিঃ

গ্রাহক কর্তৃক সংগৃহিত ৩টি স্পট কোটেশনের মধ্যে সর্ব নিম্ন দরপত্রদাতা প্রতিষ্ঠানের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে যন্ত্রপাতি/মেশিন সংগ্রহ করা যাবেঃ

ক) দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত যন্ত্রের বর্ণনা অনুসারে সরবরাহ গ্রহণ নিশ্চিত হতে হবে;

খ) পুরানো মেশিন সরবরাহ নেয়া যাবে না।

৫. বিতরণ পদ্ধতিঃ

সরবরাহকারী প্রতিষ্ঠানের দরপত্রে উদ্ধৃত বর্ণনানুসারে ব্যাংক প্রতিনিধির উপস্থিতিতে মেশিন বুঝে পাওয়ার পর উদ্যোক্তার প্রাপ্তি স্বীকারসহ সরবরাহকারীর দাখিলকৃত বিলের বিপরীতে পে-অর্ডার বা ডিডি'র মাধ্যমে ঋণের টাকা বিতরণ করতে হবে।

(চলমান পাতা-০৫)

ঋওঅবি-১ সার্কুলার নং-১২/২০২০ তারিখ: ১৮.১০.২০২০

৬. সুদের হারঃ

মেয়াদী ঋণ বিতরণে সুদ হার ৯% (ক্রমহ্রাসমান স্থিতি ভিত্তিক)।

তবে কোন ঋণ/বিনিয়োগের উপর উল্লিখিত হারে সুদ/মুনাফা ধার্য করার পরও যদি সংশ্লিষ্ট ঋণ/বিনিয়োগ গ্রহীতা খেলাপি হিসেবে চিহ্নিত হয়, সে ক্ষেত্রে যে সময়কালের জন্য খেলাপি হবে অর্থাৎ মেয়াদী ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে খেলাপি কিস্তি এবং চলতি পুঁজি ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে মোট খেলাপি ঋণ/বিনিয়োগ এর উপর অতিরিক্ত ২% হারে দন্ড সুদ/অতিরিক্ত মুনাফা আরোপ করা হবে।

৭. পরিশোধসূচিঃ

কোন প্রকার গ্রেস পিরিয়ড ছাড়া ঋণ বিতরণের তারিখ থেকে ২ (দুই) বছরের মধ্যে সমান ৮টি ত্রৈমাসিক কিস্তিতে সুদসহ পরিশোধযোগ্য।

সাধারণ নিয়মাবলীঃ

নিম্নবর্ণিত নিয়মাবলী উপরিল্লিখিত মৎস্য চাষ, মৎস্য পোনা প্রতিপালন ও মৎস্য খাদ্য 'উৎপাদন মেশিন' ঋণের ক্ষেত্রে প্রযোজ্য হবেঃ

(ক) ঋণের ফরমঃ

মৎস্য চাষে এবং মৎস্য পোনা প্রতিপালনে চলতি পুঁজি ঋণের ক্ষেত্রে ঋণ আবেদন ফরম এলএফ-৮ ব্যবহার করতে হবে। মৎস্য খাদ্য (উৎপাদন মেশিন) এ মেয়াদী ঋণ প্রদানের ক্ষেত্রে এলএফ-২ ব্যবহার করতে হবে।

(খ) বিবিধ ফিঃ

ঋণ প্রক্রিয়াকরণ ফি, ঋণ মূল্যায়ন ফি, বন্ধকী দলিল সম্পাদন ফি ইত্যাদি ফি এর ক্ষেত্রে লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল এর অধ্যায় ৭ এর নির্দেশাবলি এবং সময়ে সময়ে এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটার এর সকল নির্দেশনা অনুসরণ করতে হবে।

(গ) দলিলায়নঃ

১) মৎস্য বন্ধকি দলিল (Fish hypothecation Deed) (প্রযোজ্য ক্ষেত্রে);

২) মৎস্য খাদ্য উৎপাদন মেশিন ক্রয়ে প্রদত্ত ঋণের ক্ষেত্রে ক্রয়কৃত মেশিন ব্যাংকের নিকট হাইপোথিকেশন;

৩) ডি,পি নোট;

৪) লেটার অব কনটিনিউটি;

৫) ইজারাকৃত পুকুর/জলাশয়ে মৎস্য চাষের ক্ষেত্রে ইজারাদাতার নিকট হতে আমমোক্তারনামা (Power of Attorney) বা ৩০০.০০ টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্মতি পত্র (Letter of Consent); (আমমোক্তারনামা বা সম্মতি পত্রে ইজারাকৃত পুকুরে মৎস্য চাষ করার জন্য ইজারা গ্রহিতা কর্তৃক ব্যাংক ঋণ গ্রহণে ইজারাদাতার সুস্পষ্ট সম্মতির উল্লেখ থাকতে হবে) এবং

৬) ব্যাংকের প্রচলিত নিয়মে বিধি মোতাবেক অন্যন্য দলিলাদি।

(ঘ) ঋণের হিসাব খাতঃ

১) মৎস্য ঋণ ও মৎস্য পোনা প্রতিপালন এর জন্য চলতি পুঁজি হিসেবে প্রদত্ত ঋণ-১০১৪ খাতে হিসাবভুক্ত করতে হবে। তবে CBS এর আওতাভুক্ত শাখাসমূহ কর্তৃক ১০১৪ এর বিপরীতে খোলা CBS সংশ্লিষ্ট খাতে হিসাবভুক্ত করতে হবে।

২) মৎস্য খাদ্য 'উৎপাদন মেশিন' খাতে প্রদত্ত মেয়াদী ঋণ-১০২ খাতে হিসাবভুক্ত করতে হবে। তবে CBS এর আওতাভুক্ত শাখাসমূহ কর্তৃক ১০২ এর বিপরীতে খোলা CBS সংশ্লিষ্ট খাতে হিসাবভুক্ত করতে হবে।

তবে মৎস্য খাতে বিতরণকৃত ঋণ (চলতি পুঁজি বা মেয়াদী যাই হোক না কেন) কেবলমাত্র মৎস্য খাতের প্রতিবেদনেই প্রদর্শন করতে হবে। অন্য কোন খাতে প্রদর্শন করা যাবে না। এ খাতে বিতরণকৃত ঋণ শ্রেণীকৃত হলে ব্যাংকের প্রচলিত নিয়মে হিসাবের খাত পরিবর্তিত হবে।

(চলমান পাতা-০৬)

ঋওঅবি-১ সার্কুলার নং-১২/২০২০ তারিখ: ১৮.১০.২০২০

(ঙ) ঋণ মঞ্জুরি ক্ষমতাঃ

সহায়ক জামানত ব্যতিরেকে ঋণ প্রদানের ক্ষেত্রে শাখা ব্যবস্থাপক/জোনাল ব্যবস্থাপকগণ নিম্নবর্ণিত ধাপে এ ঋণ মঞ্জুর করবেন:

ইউনিয়ন শাখা ব্যবস্থাপক	:	১.০০ (এক) লক্ষ টাকা পর্যন্ত।
উপজেলা/পৌরসভা শাখা ব্যবস্থাপক	:	২.০০ (দুই) লক্ষ টাকা পর্যন্ত।
জেলা শাখা ব্যবস্থাপক	:	৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত।
জোনাল ব্যবস্থাপক	:	শাখা ব্যবস্থাপকের ক্ষমতার উর্ধ্বে ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত।
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী	:	৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত।

তবে সহায়ক জামানত গ্রহণপূর্বক ঋণ প্রদানের ক্ষেত্রে লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল এর ৫ নম্বর অধ্যায়ে বর্ণিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ পূর্বক ঋণ মঞ্জুর করতে হবে।

(চ) তথ্য উপাত্ত ও প্রযুক্তিগত পরামর্শঃ

মৎস্য চাষ পদ্ধতি ও বিভিন্ন কলাকৌশল সম্পর্কিত বিভিন্ন তথ্য উপাত্ত ও প্রযুক্তিগত পরামর্শের জন্য জেলা/উপ-জেলা মৎস্য কর্মকর্তার সহায়তা নেয়া যেতে পারে।

(ছ) তত্ত্বাবধান ও পরিধারণঃ

শাখার মাঠকর্মী, শাখা ব্যবস্থাপক নিবিড় তদারকির মাধ্যমে ঋণের ব্যবহার, ঋণ হিসাব পরিচালনা, যথাসময়ে আদায় নিশ্চিতকরণসহ, তত্ত্বাবধান ও পরিধারণ কার্যক্রম পরিচালনা করবেন। মৎস্য চাষে ঋণ প্রবাহ বৃদ্ধি, লক্ষ্যমাত্রা অর্জন এবং সম্ভাবনাময় এ খাতে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ভূমিকা জোরদার করার লক্ষ্যে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় ও জোনাল কার্যালয় থেকে এ ধরণের ঋণ সময় সময় পরিদর্শন করে শাখা ও মৎস্য চাষীদেরকে উদ্বুদ্ধ করতে হবে। এ খাতে ঋণ প্রদান জোরদারকরণ ও মৎস্য চাষীদের উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রতি অঞ্চলে মৎস্য চাষ, মৎস্য পোনা পরিপালন ও সম্পূরক খাদ্য তৈরির মেশিনের জন্য নতুন গুণগত মান সম্পন্ন ভাল ঋণ বিতরণ করতে হবে। ঋণসমূহের যথাযথ সদ্ব্যবহার যাচাই নিশ্চিত করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করার বিষয়ে সর্বদা সচেষ্ট থাকতে হবে।

(জ) পরিদর্শন ও যাচাইঃ

নিয়ন্ত্রণকারী কৃর্তপক্ষ শাখা পরিদর্শনকালে এ কর্মসূচির আওতায় বিতরণকৃত ঋণসমূহের মঞ্জুরি ও বিতরণের যথার্থতা পরীক্ষা/পর্যালোচনা করবেন। তাছাড়া ব্যাংকের অভ্যন্তরীণ নিরীক্ষা দল কর্তৃক নিরীক্ষাকালে ঋণের সদ্ব্যবহার যাচাই করতে হবে।

(ঝ) প্রতিবেদন প্রেরণঃ

এ কর্মসূচির আওতায় শাখা কর্তৃক বিতরণকৃত ঋণের শাখা/জোনওয়ারী অগ্রগতির প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে নিম্নোক্ত ছকে ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এ প্রেরণ করতে হবে।

শাখা/জোনের নাম	ঋণ বিতরণের		আদায়যোগ্য ঋণের		আদায়কৃত ঋণের		মেয়াদোত্তীর্ণ ঋণের		অনাদায়ী ঋণস্থিতির	
	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ	সংখ্যা	পরিমাণ

(ঞ) মৎস্য চাষের ক্ষেত্রে প্রশিক্ষণ একটি গুরুত্বপূর্ণ বিষয় বিধায় উদ্যোক্তাগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্য মৎস্য চাষ খাতে ঋণ বিতরণকৃত ঋণগ্রহীতার তালিকা সংশ্লিষ্ট সরকারি দপ্তর ও বিভাগে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপক প্রশিক্ষণের বিষয়ে সমন্বয় ও তদারকি করবেন।

(চলমান পাতা-০৭)

ঋওঅবি-১ সার্কুলার নং-১২/২০২০ তারিখ: ১৮.১০.২০২০

(ট) আলোচ্য সার্কুলার অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে । একই সাথে এ বিভাগ থেকে ইতোপূর্বে জারীকৃত এদতসংক্রান্ত সার্কুলার নং-০৪/২০১৭, তারিখ ১০.০৭.২০১৭ বাতিল মর্মে গন্য হবে।

(ঠ) উপরিল্লিখিত নীতিমালা যথাযথভাবে অনুসরণ পূর্বক মৎস্য খাতে ঋণ বিতরণ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

(ড) ভাড়া/লীজকৃত জলাশয়/পুকুরের ক্ষেত্রে যথাযথভাবে নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট মাঠকর্মী/কর্মকর্তা এবং শাখা ব্যবস্থাপকের প্রত্যয়ন নথিভুক্ত করতে।

(ঢ) বিতরণকৃত ঋণের যথাযথ সদ্ব্যবহার নিশ্চিত করতে হবে। ব্যাংকের পরিদর্শন দল/কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকালে এক্ষেত্রে অনিয়ম পরিলক্ষিত হলে, সংশ্লিষ্টদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ণ) নীতিমালায় নতুনভাবে কুচিয়া ও মুক্তা চাষ অন্তর্ভুক্ত করা হয়েছে। কুচিয়া ও মুক্তা চাষে ঋণ বিতরণের ক্ষেত্রে সতর্কতা ও স্বচ্ছতা অবলম্বন করতে হবে। কোনরূপ অনিয়ম শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।

(ত) এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে সরাসরি ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে ।

অনুমোদনক্রমে-

১৮.১০.২০২০
(শওকত শহীদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

১৮.১০.২০২০
(জি এম রুহুল আমিন)
মহাব্যবস্থাপক (পরিচালন)

সূত্র নং-প্রকা/ঋওঅবি-১/মৎস্য চাষ/২০২০-২০২১/৩৭৫(৪৫৪) তারিখ: ১৮.১০.২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১১। সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। অফিস নথি/মহানথি।

১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

সংযোজনী-‘ক’

কৈ, টেংরা ও পুঁটি মাছের মিশ্রচাষের ব্যয় ও ঋণ নিয়মাচার

০১। মাছের নাম ঃ কৈ, টেংরা ও পুঁটি মাছের মিশ্রচাষ
০২। জলায়তনের পরিমাণ ঃ ৩৩ শতাংশ
০৩। পানির গড় উচ্চতা ঃ ৫ ফুট
০৪। চাষের ধরণ ঃ পোনা মাছ পালন করে বিক্রয়যোগ্য মাছ উৎপাদন।
০৫। চাষের মেয়াদ ঃ বছরে ২ বার (৬ মাস)।
০৬। মাছ উৎপাদন ব্যয় (একক চক্রে) ঃ

(ক) মজুদ পূর্ব ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	জমি/পুকুর			
	(ক) নিজস্ব (........শতাংশ)			
	(খ) ইজারা (........শতাংশ)	৩৩ শতাংশ	৫০০.০০	১৬,৫০০.০০
(২)	অবাঞ্ছিত মাছ দূরীকরণে রোটেনন/ঔষধ প্রয়োগ	৩ কেজি	৪০০.০০	১,২০০.০০
(৩)	চুন প্রয়োগ (শতাংশে ১.০০ কেজি	৩৩ কেজি	১৫.০০	৫০০.০০
(৪)	টি এস পি সার	২৫ কেজি	২২.০০	৫৫০.০০
(৫)	শ্রমিক	১ জন	৫০০.০০	৫০০.০০
	উপ সমষ্টি :			১৯,২৫০.০০

ইজারাকৃত জমির ক্ষেত্রে প্রতি চক্রে (৬ মাস) ৫০০/- হিসাবে প্রতি শতাংশ জমির ইজারা ব্যয় বিবেচ্য। তবে কোন এলাকায় জমির ইজারা ব্যয় কম হলে হ্রাসমমান হারই বিবেচ্য হবে।

(খ) মজুদ কালীন ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	সংখ্যা	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(ক)	কৈ (২-৩ গ্রাম),শতাংশে ২৫০ টি।	৮০০০ টি	১.০০	৮,০০০.০০
(খ)	টেংরা (২-৩ গ্রাম), শতাংশে ১২০টি	৪০০০ টি	১.০০	৪,০০০.০০
(গ)	পুঁটি (১-১.৫ ইঞ্চি), শতাংশে ২০ টি	৬০০ টি	৫.০০	৩,০০০.০০
	উপ-সমষ্টি :			১৫,০০০.০০

(গ) মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয় বিবরণ	খাদ্য প্রয়োগের হার	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	সম্পুরক খাদ্য	মাছের দেহের ওজনের শতকরা ৪-৬ ভাগ	৪০০০ কেঃ	৪৫.০০	১,৮০,০০০.০০
(২)	সিদ্ধ খুদ		-	-	-
(৩)	পুকুরে টানার জন্য জাল ভাড়া ও শ্রমিকের মজুরী	-	-	-	১,০০০.০০
(৪)	মাছের মড়ক রোধে ঔষধ প্রয়োগ	-	-	-	১,০০০.০০
(৫)	অন্যান্য ব্যয় (বিদ্যুৎ, পুকুরে পানি সরবরাহ, পাহারা ইত্যাদি)	-	-	-	২,০০০.০০
	উপ-সমষ্টি :				১,৮৪,০০০.০০

অক্সিজেনের অভাব হ্রাসকল্পে রাত্রিকালে ২/৩ ঘন্টা এ্যারেটর ব্যবহার করতে হবে। নচেৎ মাছ মরে যাওয়ার ঝুকি থাকবে।
(ঘ) বিবিধ/বিক্রয় ব্যয় (স্টেশনারী দ্রব্য, মোবাইল/ফোন, ভ্রমন ও যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি): ১৭৫০.০০

(ঙ) মোট উৎপাদন ব্যয়

ক্র: নং	ব্যয় বিবরণ	মোট ব্যয় টাকা
(১)	মজুদ পূর্ব ব্যবস্থাপনা (পুকুর লিজমানি সহ)	১৯,২৫০.০০
(২)	মজুদ কালীন ব্যবস্থাপনা (পোনার মূল্য সহ)	১৫,০০০.০০
(৩)	মজুদ পরবর্তী ব্যবস্থাপনা	১,৮৪,০০০.০০
(৪)	বিবিধ/বিক্রয় ব্যয়	১,৭৫০.০০
	মোট :	২,২০,০০০.০০

০৭। অর্থায়ন পরিকল্পনা টাকা

(ক) ব্যাংক ঋণ (৮০%) : ১,৭৬,০০০.০০
(খ) উদ্যোক্তার বিনিয়গ (২০%) : ৪৪০০০.০০
মোট ২,২০,০০০.০০

মাছের পোনা , খাদ্যের মূল্য ও মাছ বিক্রি মূল্য স্থান কাল ভেদে পরিবর্তনীয়। সম্ভাব্যতা যাচাই করে মুনাফাসহ সামগ্রিক দিক বিবেচনায় ইতিবাচক হলে জমির ইজারা ব্যয়সহ উৎপাদন ব্যয় হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে ঋণের পরিমান ১০% হ্রাস-বৃদ্ধি করা যাবে।

০৮। মাছ বিক্রি আয় :

ক্র: নং	মাছের নাম	গড় ওজন	মোট ওজন	একক মূল্য	মোট মূল্য
(১)	কৈ (২-৩ গ্রাম), মৃত্যুহার ২০%	১৫০ গ্রাম	৯৬০ কেজি	১৭৫.০০	১,৬৮,০০০.০০
(২)	টেংরা (২-৩ গ্রাম), মৃত্যুহার ২০%	১০০ গ্রাম	৩২০ কেজি	৩৫০.০০	১,১২,০০০.০০
	পুঁটি (১-১.৫ ইঞ্চি), মৃত্যুহার ১০%	১৮৫ গ্রাম	১০০ কেজি	৮০.০০	৮,০০০.০০
	মোট :				২,৮৮,০০০.০০

০৯। আয় ব্যয়ের হিসাব :

ক্র: নং	বিবরণ	টাকা
(১)	মোট আয়	২,৮৮,০০০.০০
(২)	মোট ব্যয়	২,২০,০০০.০০
(৩)	মোট লাভ	৬৮,০০০.০০
(৪)	ঋণের সুদ ৯% হারে (৬ মাস)	৭,৯২০.০০
(৫)	নীট মুনাফা (এক চক্রে)	৬০,০৮০.০০

R. Afroz
১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

১৮.১০.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

সংযোজনী-'খ'

পাংগাস ও কার্প জাতীয় মাছের মিশ্রচাষের ব্যয় ও ঋণ নিয়মাচার

০১। মাছের নাম ঃ পাংগাস ও কার্প জাতীয় মাছের মিশ্রচাষ।
০২। জলায়তনের পরিমাণ ঃ ৩৩ শতাংশ
০৩। পানির গড় উচ্চতা ঃ ৪ ফুট
০৪। চাষের ধরণ ঃ পোনা মাছ পালন করে বিক্রয়যোগ্য মাছ উৎপাদন।
০৫। চাষের মেয়াদ ঃ বছরে ২ বার (৬ মাস)।
০৬। মাছ উৎপাদন ব্যয় (একক চক্রে) ঃ

(ক) মজুদ পূর্ব ব্যবস্থাপনা

ক্র:ন:	ব্যয়ের খাত	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	জমি/পুকুর			
	(ক) নিজস্ব (........শতাংশ)			
	(খ) ইজারা (........শতাংশ)	৩৩ শতাংশ	৫০০.০০	১৬,৫০০.০০
(২)	অবাঞ্চিত মাছ দূরীকরণে রোটেনন/ঔষধ প্রয়োগ	৩ কেজি	৪০০.০০	১,২০০.০০
(৩)	চুন প্রয়োগ (শতাংশে ১.০০ কেজি	৩৩ কেজি	১৫.০০	৫০০.০০
(৪)	টি এস পি সার	২৫ কেজি	২২.০০	৫৫০.০০
(৫)	শ্রমিক	১ জন	৫০০.০০	৫০০.০০
	উপ সমষ্টি			১৯,২৫০.০০

ইজারাকৃত জমির ক্ষেত্রে প্রতি চক্রে (৬ মাস) ৫০০/- হিসাবে প্রতি শতাংশ জমির ইজারা ব্যয় বিবেচ্য। তবে কোন এলাকায় জমির ইজারা ব্যয় কম হলে হ্রাসমমান হারই বিবেচ্য হবে।

(খ) মজুদ কালীন ব্যবস্থাপনা

ক্র:ন:	ব্যয়ের খাত	সংখ্যা	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(ক)	কার্প মাছের পোনা (৬-৮˝),শতাংশে ১২ টি।	৪০০ টি	৪০.০০	১৬,০০০.০০
(খ)	পাংগাস মাছের পোনা(৪-৫˝), শতাংশে ৪০ টি।	১৩২০ টি	০৫.০০	৬,৬০০.০০
	উপ-সমষ্টি :			২২,৬০০.০০

(গ) মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

ক্র:ন:	ব্যয় বিবরণ	খাদ্য প্রয়োগের হার	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	সম্পুরক খাদ্য	মাছের দেহের ওজনের শতকরা ৪-৬ ভাগ	৩৫০০ কেজি	৪০.০০	১,৪০,০০০.০০
(২)	সিদ্দ খুদ		৮০০ কেজি	২০.০০	১৬,০০০.০০
(৩)	পুকুরে টানার জন্য জাল ভাড়া ও শ্রমিকের মজুরী	-	-	-	১,০০০.০০
(৪)	মাছের মড়ক রোধে ঔষধ প্রয়োগ	-	-	-	৩০০.০০
(৫)	অন্যান্য ব্যয় (বিদ্যুৎ, পুকুরে পানি সরবরাহ, পাহারা ইত্যাদি)	-	-	-	২,০০০.০০
	উপ সমষ্টি :				১,৫৯,৩০০.০০

অক্সিজেনের অভাব হ্রাসকল্পে রাত্রিকালে ২/৩ ঘন্টা এ্যারেটর ব্যবহার করতে হবে। নচেৎ মাছ মরে যাওয়ার ঝুকি থাকবে।
(ঘ) বিবিধ/বিক্রয় ব্যয় (স্টেশনারী দ্রব্য, মোবাইল/ফোন, ভ্রমণ ও যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি): ৮৫০.০০

(ঙ) মোট উৎপাদন ব্যয়

ক্র: নং	ব্যয় বিবরণ	মোট ব্যয় টাকা
(১)	মজুদ পূর্ব ব্যবস্থাপনা (পুকুর লিজমানি সহ)	১৯,২৫০.০০
(২)	মজুদ কালীন ব্যবস্থাপনা (পোনার মূল্য সহ)	২২,৬০০.০০
(৩)	মজুদ পরবর্তী ব্যবস্থাপনা	১,৫৯,৩০০.০০
(৪)	বিবিধ/বিক্রয় ব্যয়	৮৫০.০০
	মোট :	২,০২,০০০.০০

০৭। অর্থায়ন পরিকল্পনা টাকা

(ক) ব্যাংক ঋণ (৮০%) : ১,৬২,০০০.০০
(খ) উদ্যোক্তার বিনিয়গ (২০%) : ৪০,০০০.০০
মোট ২,০২,০০০.০০

মাছের পোনা, খাদ্যের মূল্য ও মাছ বিক্রি মূল্য স্থান কাল ভেদে পরিবর্তনীয়। সম্ভাব্যতা যাচাই করে মুনাফাসহ সামগ্রিক দিক বিবেচনায় ইতিবাচক হলে জমির ইজারা ব্যয়সহ উৎপাদন ব্যয় হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে ঋণের পরিমাণ ১০% হ্রাস-বৃদ্ধি করা যাবে।

০৮। মাছ বিক্রি আয় :

ক্র: নং	মাছের নাম	গড় ওজন	মোট ওজন	একক মূল্য	মোট মূল্য
(১)	কার্প মাছের পোনার (৫% মৃত্যুহার বাদে)	১.৫ কেজি	৫৭০ কেজি	১৫০.০০	৮৫,৫০০.০০
(২)	পাংগাস মাছের পোনার (১০% মৃত্যুহার বাদে)	১.৫ কেজি	১৭৮২ কেজি	১১০.০০	১,৯৬,০২০.০০
	মোট :				২,৮১,৫২০.০০

০৯। আয় ব্যয়ের হিসাব :

ক্র: নং	বিবরণ	টাকা
(১)	মোট আয়	২,৮১,৫২০.০০
(২)	মোট ব্যয়	২,০২,০০০.০০
(৩)	মোট লাভ	৭৯,৫২০.০০
(৪)	ঋণের সুদ ৯% হারে (৬ মাস)	৭,২৯০.০০
(৫)	নীট মুনাফা (এক চক্রে)	৭২,২৩০.০০

R. Afroz.
১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

১৮.১০.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

পাংগাস মাছ চাষের ব্যয় ও ঋণ নিয়মাচার

০১। মাছের নাম ঃ পাংগাস মাছের চাষ।
০২। জলায়তনের পরিমাণ ঃ ৩৩ শতাংশ
০৩। পানির গড় উচ্চতা ঃ ৫ ফুট
০৪। চাষের ধরণ ঃ পোনা মাছ পালন করে বিক্রয়যোগ্য মাছ উৎপাদন।
০৫। চাষের মেয়াদ ঃ বছরে ২ বার (৬ মাস)।
০৬। মাছ উৎপাদন ব্যয় (একক চক্রে) ঃ

(ক) মজুদ পূর্ব ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	জমি/পুকুর			
	(ক) নিজস্ব (........শতাংশ)			
	(খ) ইজারা (........শতাংশ)	৩৩ শতাংশ	৫০০.০০	১৬,৫০০.০০
(২)	অবাঞ্চিত মাছ দূরীকরণে রোটেনন/ঔষধ প্রয়োগ	৩ কেজি	৪০০.০০	১,২০০.০০
(৩)	চুন প্রয়োগ (শতাংশে ১.০০ কেজি	৩৩ কেজি	১৫.০০	৫০০.০০
(৪)	টি এস পি সার	২৫ কেজি	২২.০০	৫৫০.০০
(৫)	শ্রমিক	১ জন	৫০০.০০	৫০০.০০
	উপ-সমষ্টি :			১৯,২৫০.০০

ইজারাকৃত জমির ক্ষেত্রে প্রতি চক্রে (৬ মাস) ৫০০/- হিসাবে প্রতি শতাংশ জমির ইজারা ব্যয় বিবেচ্য। তবে কোন এলাকায় জমির ইজারা ব্যয় কম হলে হ্রাসমমান হারই বিবেচ্য হবে।

(খ) মজুদ কালীন ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	সংখ্যা	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(ক)	কার্প মাছের পোনা (৬-৮´´),শতাংশে ২ টি।	৬৬ টি	২০.০০	১,৩২০.০০
(খ)	পাংগাস মাছের পোনা(৪-৫´´), শতাংশে ৬০ টি।	২০০০ টি	০৫.০০	১০,০০০.০০
	উপ-সমষ্টি			১১,৩২০.০০

(গ) মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয় বিবরণ	খাদ্য প্রয়োগের হার	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	সম্পুরক খাদ্য	মাছের দেহের ওজনের শতকরা ৪-৬ ভাগ	৩৫০০ কেঃ	৪০.০০	১,৪০,০০০.০০
(২)	সিদ্দ খুদ		১০০০ কেজি	২০.০০	২০,০০০.০০
(৩)	পুকুরে টানার জন্য জাল ভাড়া ও শ্রমিকের মজুরী	-	-	-	১,০০০.০০
(৪)	মাছের মড়ক রোধে ঔষধ প্রয়োগ	-	-	-	৩০০.০০
(৫)	অন্যান্য ব্যয় (বিদ্যুৎ, পুকুরে পানি সরবরাহ, পাহারা ইত্যাদি)	-	-	-	২,০০০.০০
	উপ-সমষ্টি				১,৬৩,৩০০.০০

অক্সিজেনের অভাব হ্রাসকল্পে রাত্রিকালে ২/৩ ঘন্টা এ্যারেটর ব্যবহার করতে হবে। নচেৎ মাছ মরে যাওয়ার ঝুকি থাকবে।

(ঘ) বিবিধ/বিক্রয় ব্যয় (স্টেশনারী দ্রব্য, মোবাইল/ফোন,ভ্রমন ও যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি): ১১৩০.০০

(ঙ) মোট উৎপাদন ব্যয়

:

ক্র: নং	ব্যয় বিবরণ	মোট ব্যয় টাকা
(১)	মজুদ পূর্ব ব্যবস্থাপনা (পুকুর লিজমানি সহ)	১৯,২৫০.০০
(২)	মজুদ কালীন ব্যবস্থাপনা (পোনার মূল্য সহ)	১১,৩২০.০০
(৩)	মজুদ পরবর্তী ব্যবস্থাপনা	১,৬৩,৩০০.০০
(৪)	বিবিধ/বিক্রয় ব্যয়	১,১৩০.০০
	মোট :	১,৯৫,০০০.০০

০৭। অর্থায়ন পরিকল্পনা টাকা

(ক) ব্যাংক ঋণ (৮০%) : ১,৫৬,০০০.০০

(খ) উদ্যোক্তার বিনিয়গ (২০%) : ৩৯,০০০.০০

মোট ১,৯৫,০০০.০০

মাছের পোনা, খাদ্যের মূল্য ও মাছ বিক্রি মূল্য স্থান কাল ভেদে পরিবর্তনীয়। সম্ভাব্যতা যাচাই করে মুনাফাসহ সামগ্রিক দিক বিবেচনায় ইতিবাচক হলে জমির ইজারা ব্যয়সহ উৎপাদন ব্যয় হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে ঋণের পরিমান ১০% হ্রাস-বৃদ্ধি করা যাবে।

০৮। মাছ বিক্রি আয় :

ক্র: নং	মাছের নাম	গড় ওজন	মোট ওজন	একক মূল্য	মোট মূল্য
(১)	কার্প মাছের পোনার (৫% মৃত্যুহার বাদে)	২.৪ কেজি	১৪৮ কেজি	১৫০.০০	২২,২০০.০০
(২)	পাংগাস মাছের পোনার (১০% মৃত্যুহার বাদে)	১.৩ কেজি	২৩৪০ কেজি	১০৫.০০	২,৪৫,৭০০.০০
	মোট				২,৬৭,৯০০.০০

০৯। আয় ব্যয়ের হিসাব :

ক্র: নং	বিবরণ	টাকা
(১)	মোট আয়	২,৬৭,৯০০.০০
(২)	মোট ব্যয়	১,৯৫,০০০.০০
(৩)	মোট লাভ	৭২,৯০০.০০
(৪)	ঋণের সুদ ৯% হারে (৬ মাস)	৭,০২০.০০
(৫)	নীট মুনাফা (এক চক্রে)	৬৫,৮৮০.০০

R. Afroz.
১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

১৮.১০.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

সংযোজনী-'ঘ'

মনোসেক্স তেলাপিয়া মাছ চাষের ব্যয় ও ঋণ নিয়মাচার

০১। মাছের নাম : মনোসেক্স তেলাপিয়া মাছ চাষ (একক চাষ)
০২। জলায়তনের পরিমাণ : ৩৩ শতাংশ
০৩। পানির গড় উচ্চতা : ৪ ফুট
০৪। চাষের ধরণ : পোনা মাছ পালন করে বিক্রয়যোগ্য মাছ উৎপাদন।
০৫। চাষের মেয়াদ : বছরে ৩ বার (৪ মাস)।
০৬। মাছ উৎপাদন ব্যয় (একক চক্রে) :

(ক) মজুদ পূর্ব ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	জমি/পুকুর			
	(ক) নিজস্ব (........শতাংশ)			
	(খ) ইজারা (........শতাংশ)	৩৩ শতাংশ	৩৩৩.০০	১১০০০.০০
(২)	অবাঞ্চিত মাছ দূরীকরণে রোটেনন/ঔষধ প্রয়োগ	৩ কেজি	৪০০.০০	২০০০.০০
(৩)	চুন প্রয়োগ (শতাংশে ১.০০ কেজি	৩৩ কেজি	২০.০০	৬৬০.০০
(৪)	টি এস পি সার	২০ কেজি	৩৫.০০	২৪৫.০০
(৫)	শ্রমিক	১ জন	৫০০.০০	২০০০.০০
	উপ-সমষ্টি :			১৫৯০৫.০০

ইজারাকৃত জমির ক্ষেত্রে প্রতি চক্রে (৬ মাস) ৫০০/- হিসাবে প্রতি শতাংশ জমির ইজারা ব্যয় বিবেচ্য। তবে কোন এলাকায় জমির ইজারা ব্যয় কম হলে হ্রাসমমান হারই বিবেচ্য হবে।

(খ) মজুদ কালীন ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	সংখ্যা	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(ক)	মাছের পোনা (২-৩˝ সাইজের),শতাংশে ৩০০	৯৯০০ টি	৩.০০	২৯৭০০.০০
(খ)	কার্প (৬-৮)শতকে ৫টি	১৬০ টি	২০.০০	৩২০০.০০
	উপ-সমষ্টি :			৩২৯০০.০০

(গ) মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

ক্র: নং:	ব্যয় বিবরণ	খাদ্য প্রয়োগের হার	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	সম্পুরক খাদ্য	মাছের দেহের ওজনের শতকরা ৫%	দানাদার ৪৫০০ কেঃ	৪৫.০০	২০২৫০০.০০
(২)	পুকুরে টানার জন্য জাল ভাড়া ও শ্রমিকের মজুরী	-	৪ বার	৫০০.০০	২০০০.০০
(৩)	মাছের মড়ক রোধে ঔষধ প্রয়োগ	-	-	-	২০০০.০০
(৪)	অন্যান্য ব্যয় (বিদ্যুৎ, পুকুরে পানি সরবরাহ, পাহারা ইত্যাদি)	-	-	-	৫০০০.০০
	উপ-সমষ্টি :				২১১৫০০.০০

অক্সিজেনের অভাব হ্রাসকল্পে রাত্রিকালে ২/৩ ঘন্টা এ্যারেটর ব্যবহার করতে হবে। অন্যথা মাছ মরে যাওয়ার ঝুঁকি থাকবে।

(ঘ) বিবিধ/বিক্রয় ব্যয় (স্টেশনারী দ্রব্য, মোবাইল/ফোন,ভ্রমন ও যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি): ২০০০.০০

(ঙ) মোট উৎপাদন ব্যয় :

ক্র: নং	ব্যয় বিবরণ	মোট ব্যয় টাকা
(১)	মজুদ পূর্ব ব্যবস্থাপনা (পুকুর লিজমানি সহ)	১৫৯০৫.০০
(২)	মজুদ কালীন ব্যবস্থাপনা (পোনার মূল্য সহ)	৩২৯০০.০০
(৩)	মজুদ পরবর্তী ব্যবস্থাপনা	২১১৫০০.০০
(৪)	বিবিধ/বিক্রয় ব্যয়	২০০০.০০
	মোট :	২৬২৩০৫.০০

০৭। অর্থায়ন পরিকল্পনা টাকা

(ক) ব্যাংক ঋণ (৮০%) : ২,০৯,৮৪৫.০০

(খ) উদ্যোক্তার বিনিয়গ (২০%) : ৫২,৪৬০.০০

মোট ২,৬২,৩০৫.০০

মাছের পোনা , খাদ্যের মূল্য ও মাছ বিক্রি মূল্য স্থান কাল ভেদে পরিবর্তনীয়। সম্ভাব্যতা যাচাই করে মুনাফাসহ সামগ্রিক দিক বিবেচনায় ইতিবাচক হলে জমির ইজারা ব্যয়সহ উৎপাদন ব্যয় হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে ঋণের পরিমান ১০% হ্রাস-বৃদ্ধি করা যাবে।

০৮। মাছ বিক্রি আয় :

ক্র: নং:	মাছের নাম	গড় ওজন	মোট ওজন	একক মূল্য	মোট মূল্য
(১)	মনোসেক্স তেলাপিয়া (১০% মৃত্যুহার বাদে)	৩৩৩ গ্রাম	২৯৭০ কেজি	১০০.০০	২,৯৭,০০০.০০
(২)	কার্প	১২০০ গ্রাম	১৮০ কেজি	১৮০.০০	৩২,৪০০.০০
	মোট :				৩,২৯,৪০০.০০

০৯। আয় ব্যয়ের হিসাব :

ক্র: নং:	বিবরণ	টাকা
(১)	মোট আয়	৩,২৯,৪০০.০০
(২)	মোট ব্যয়	২,৬২,৩০৫.০০
(৩)	মোট লাভ	৬৭,০৯৫.০০
(৪)	ঋণের সুদ ৯% হারে (৬ মাস)	৯,৪৪৩.০০
(৫)	নীট মুনাফা (এক চক্রে)	৫৭,৬৫২.০০

১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

১৮.১০.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

কার্প জাতীয় মাছের মিশ্রচাষের ব্যয় ও ঋণ নিয়মাচার

০১। মাছের নাম ঃ কার্প জাতীয় মাছের মিশ্রচাষ।
০২। জলায়তনের পরিমান ঃ ৩৩ শতাংশ
০৩। পানির গড় উচ্চতা ঃ ৪ ফুট
০৪। চাষের ধরণ ঃ পোনা মাছ পালন করে বিক্রয়যোগ্য মাছ উৎপাদন।
০৫। চাষের মেয়াদ ঃ বছরে ২ বার (৬ মাস)।
০৬। মাছ উৎপাদন ব্যয় (একক চক্রে) ঃ

(ক) মজুদ পূর্ব ব্যবস্থাপনা

ক্র: নং:	ব্যয়ের খাত	পরিমান	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	জমি/পুকুর			
	(ক) নিজস্ব (........শতাংশ)			
	(খ) ইজারা (........শতাংশ)	৩৩ শতাংশ	৫০০.০০	১৬,৫০০.০০
(২)	অবাঞ্চিত মাছ দূরীকরণে রোটেনন/ঔষধ প্রয়োগ	৩ কেজি	৪০০.০০	১,২০০.০০
(৩)	চুন প্রয়োগ (শতাংশে ১.০০ কেজি	৩৩ কেজি	১৫.০০	৫০০.০০
(৪)	টি এস পি সার	২৫ কেজি	২২.০০	৫৫০.০০
(৫)	শ্রমিক	১ জন	৫০০.০০	৫০০.০০
	উপ সমষ্টি :			১৯,২৫০.০০

ইজারাকৃত জমির ক্ষেত্রে প্রতি চক্রে (৬ মাস) ৫০০/- হিসাবে প্রতি শতাংশ জমির ইজারা ব্যয় বিবেচ্য। তবে কোন এলাকায় জমির ইজারা ব্যয় কম হলে হ্রাসমমান হারই বিবেচ্য হবে।

(খ) মজুদ কালীন ব্যবস্থাপনা

ক্র:ন:	ব্যয়ের খাত	সংখ্যা	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(ক)	কার্প মাছের পোনা (৬"- ৮" সাইজের), শতাংশে ২৫ টি।	৮০০ টি	৪০.০০	৩২,০০০.০০
	উপ সমষ্টি :			৩২,০০০.০০

(গ) মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

ক্র: ন:	ব্যয় বিবরণ	খাদ্য প্রয়োগের হার	পরিমান	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	সম্পুরক খাদ্য	মাছের দেহের ওজনের শতকরা ৪-৬ ভাগ	২১০০ কেঃ	৩৬.০০	৭৫,৬০০.০০
(২)	রাসায়নিক সার		১০০ কেজি	২০.০০	২,০০০.০০
(৩)	পুকুরে টানার জন্য জাল ভাড়া ও শ্রমিকের মজুরী	-	-	-	১,০০০.০০
(৪)	মাছের মড়ক রোধে ঔষধ প্রয়োগ	-	-	-	৩০০.০০
(৫)	অন্যান্য ব্যয় (বিদ্যুৎ, পুকুরে পানি সরবরাহ, পাহারা ইত্যাদি)	-	-	-	২,০০০.০০
	উপ সমষ্টি :				৮০,৯০০.০০

অক্সিজেনের অভাব হ্রাসকল্পে রাত্রিকালে ২/৩ ঘন্টা এ্যারেটর ব্যবহার করতে হবে। নচেৎ মাছ মরে যাওয়ার ঝুকি থাকবে।

(ঘ) বিবিধ/বিক্রয় ব্যয় (স্টেশনারী দ্রব্য, মোবাইল/ফোন, ভ্রমন ও যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি): ১৮৫০.০০

(ঙ) মোট উৎপাদন ব্যয়

ক্র: ন:	ব্যয় বিবরণ	মোট ব্যয় টাকা
(১)	মজুদ পূর্ব ব্যবস্থাপনা (পুকুর লিজমানি সহ)	১৯,২৫০.০০
(২)	মজুদ কালীন ব্যবস্থাপনা (পোনার মূল্য সহ)	৩২,০০০.০০
(৩)	মজুদ পরবর্তী ব্যবস্থাপনা	৮০,৯০০.০০
(৪)	বিবিধ/বিক্রয় ব্যয়	১,৮৫০.০০
	মোট :	১,৩৪,০০০.০০

০৭। অর্থায়ন পরিকল্পনা টাকা

(ক) ব্যাংক ঋণ (৮০%) : ১,০৭,০০০.০০

(খ) উদ্যোক্তার বিনিয়গ (২০%) : ২৭,০০০.০০

মোট ১,৩৪,০০০.০০

মাছের পোনা , খাদ্যের মূল্য ও মাছ বিক্রি মূল্য স্থান কাল ভেদে পরিবর্তনীয়। সম্ভাব্যতা যাচাই করে মুনাফাসহ সামগ্রিক দিক বিবেচনায় ইতিবাচক হলে জমির ইজারা ব্যয়সহ উৎপাদন ব্যয় হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে ঋণের পরিমান ১০% হ্রাস-বৃদ্ধি করা যাবে।

০৮। মাছ বিক্রি আয় :

ক্র: ন:	মাছের নাম	গড় ওজন	মোট ওজন	একক মূল্য	মোট মূল্য
(১)	কার্প মাছের পোনার (৫% মৃত্যুহার বাদে)	১.৫ কেজি	১১৪০ কেজি	১৬০.০০	১,৮২,৪০০.০০
(২)	-	-	-	-	-
	মোট :				১,৮২,৪০০.০০

০৯। আয় ব্যয়ের হিসাব :

ক্র: ন:	বিবরণ	টাকা
(১)	মোট আয়	১,৮২,৪০০.০০
(২)	মোট ব্যয়	১,৩৪,০০০.০০
(৩)	মোট লাভ	৪৮,৪০০.০০
(৪)	ঋণের সুদ ১৩% হারে (৬ মাস)	৪,৮১৫.০০
(৫)	নীট মুনাফা (এক চক্রে)	৪৩,৫৮৫.০০

R. Afroz.
১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

১৮.১০.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

গলদা ও কার্পের মিশ্র মাছ চাষের ব্যয় ও ঋণ নিয়মাচার

০১। মাছের নাম ঃ গলদা ও কার্পের মিশ্র মাছ মিশ্রচাষ
০২। জলায়তনের পরিমাণ ঃ ৩৩ শতাংশ
০৩। পানির গড় উচ্চতা ঃ ৪ ফুট
০৪। চাষের ধরণ ঃ পোনা মাছ পালন করে বিক্রয়যোগ্য মাছ উৎপাদন।
০৫। চাষের মেয়াদ ঃ বছরে ২ বার (৬ মাস মে থেকে অক্টোবর)।
০৬। মাছ উৎপাদন ব্যয় (একক চক্রে) ঃ

(ক) মজুদ পূর্ব ব্যবস্থাপনা

ক্র:ন:	ব্যয়ের খাত	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	জমি/পুকুর			
	(ক) নিজস্ব (........শতাংশ)			
	(খ) ইজারা (........শতাংশ)	৩৩ শতাংশ	৫০০.০০	১৬,৫০০.০০
(২)	অবাঞ্চিত মাছ দূরীকরণে রোটেনন/ঔষধ প্রয়োগ	৩ কেজি	৪০০.০০	১,২০০.০০
(৩)	চুন প্রয়োগ (শতাংশে ১.০০ কেজি	৩৩ কেজি	১৫.০০	৫০০.০০
(৪)	টি এস পি সার	২৫ কেজি	২২.০০	৫৫০.০০
(৫)	শ্রমিক	১ জন	৫০০.০০	৫০০.০০
	উপ-সমষ্টি :			১৯,২৫০.০০

ইজারাকৃত জমির ক্ষেত্রে প্রতি চক্রে (৬ মাস) ৫০০/- হিসাবে প্রতি শতাংশ জমির ইজারা ব্যয় বিবেচ্য। তবে কোন এলাকায় জমির ইজারা ব্যয় কম হলে হ্রাসমমান হারই বিবেচ্য হবে।

(খ) মজুদ কালীন ব্যবস্থাপনা

ক্র:ন:	ব্যয়ের খাত	সংখ্যা	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(ক)	গলদা পোনা (৫-৭:সে:মি:) শতাংশে ৩০ টি	১,০০০ টি	০৫.০০	৫,০০০.০০
(খ)	কার্প পোনা (১২-১৫ সে:মি: শতাংশে ২১ টি	৭০০ টি	২০.০০	১৪,০০০.০০
	উপ সমষ্টি :			১৯,০০০.০০

(গ) মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

ক্র:ন:	ব্যয় বিবরণ	খাদ্য প্রয়োগের হার	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	সম্পুরক খাদ্য	মাছের দেহের ওজনের শতকরা ৪-৬ ভাগ	দানাদার ৪০০কেঃ ১৫০০ কেঃ	৩৫.০০ ৪০.০০	১৪,০০০.০০ ৬০,০০০.০০
(২)	পুকুরে টানার জন্য জাল ভাড়া ও শ্রমিকের মজুরী	-	-	-	২,০০০.০০
(৩)	অভায়স্থল	-	-	-	২০০.০০
(৪)	ফেন্সিং	-	-	-	৮০০.০০
(৫)	মাছের মড়ক রোধে ঔষধ প্রয়োগ	-	-	-	২০০.০০
(৬)	অন্যান্য ব্যয় (বিদ্যুৎ, পুকুরে পানি সরবরাহ, পাহারা ইত্যাদি)	-	-	-	১,০০০.০০
	উপ সমষ্টি :				৭৮,২০০.০০

অক্সিজেনের অভাব হ্রাসকল্পে রাত্রিকালে ২/৩ ঘন্টা এ্যারেটর ব্যবহার করতে হবে। নচেৎ মাছ মরে যাওয়ার ঝুকি থাকবে।

(ঘ) বিবিধ/বিক্রয় ব্যয় (স্টেশনারী দ্রব্য, মোবাইল/ফোন,ভ্রমণ ও যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি): ১,৫৫০.০০

(ঙ) মোট উৎপাদন ব্যয় :

ক্র: নং	ব্যয় বিবরণ	মোট ব্যয় টাকা
(১)	মজুদ পূর্ব ব্যবস্থাপনা (পুকুর লিজমানি সহ)	১৯,২৫০.০০
(২)	মজুদ কালীন ব্যবস্থাপনা (পোনার মূল্য সহ)	১৯,০০০.০০
(৩)	মজুদ পরবর্তী ব্যবস্থাপনা	৭৮,২০০.০০
(৪)	বিবিধ/বিক্রয় ব্যয়	১,৫৫০.০০
	মোট :	১,১৮,০০০.০০

০৭। অর্থায়ন পরিকল্পনা টাকা

(ক) ব্যাংক ঋণ (৮০%) : ৯৪,০০০.০০
(খ) উদ্যোক্তার বিনিয়গ (২০%) : ২৪,০০০.০০
মোট ১,১৮,০০০.০০

মাছের পোনা , খাদ্যের মূল্য ও মাছ বিক্রি মূল্য স্থান কাল ভেদে পরিবর্তনীয়। সম্ভাব্যতা যাচাই করে মুনাফাসহ সামগ্রিক দিক বিবেচনায় ইতিবাচক হলে জমির ইজারা ব্যয়সহ উৎপাদন ব্যয় হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে ঋণের পরিমান ১০% হ্রাস-বৃদ্ধি করা যাবে।

০৮। মাছ বিক্রি আয় :

ক্র: নং	মাছের নাম	গড় ওজন	মোট ওজন	একক মূল্য	মোট মূল্য
(১)	গলদা (১০% মৃত্যুহার বাদে)	১০০ গ্রাম	৯০ কেজি	৫০০.০০	৪৫,০০০.০০
(২)	কার্প (৫% মৃত্যুহার বাদে)	১৪০০	৯৩১ কেজি	১৫০.০০	১,৩৯,৬৫০.০০
	মোট :				১,৮৪,৬৫০.০০

০৯। আয় ব্যয়ের হিসাব :

ক্র: নং	বিবরণ	টাকা
(১)	মোট আয়	১,৮৪,৬৫০.০০
(২)	মোট ব্যয়	১,১৮,০০০.০০
(৩)	মোট লাভ	৬৬,৬৫০.০০
(৪)	ঋণের সুদ ৯% হারে (৬ মাস)	৪,২৩০.০০
(৫)	নীট মুনাফা (এক চক্রে)	৬২,৪২০.০০

R. Afroz.
১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

১৮.১০.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

পাবদা ও কার্প জাতীয় মাছ চাষের ব্যয় ও ঋণ নিয়মাচার

০১। মাছের নাম ঃ পাবদা ও কার্প মাছ মিশ্রচাষ
০২। জলায়তনের পরিমাণ ঃ ৩৩ শতাংশ
০৩। পানির গড় উচ্চতা ঃ ৪ ফুট
০৪। চাষের ধরণ ঃ পোনা মাছ পালন করে বিক্রয়যোগ্য মাছ উৎপাদন।
০৫। চাষের মেয়াদ ঃ বছরে ৩ বার (৪ মাস)।
০৬। মাছ উৎপাদন ব্যয় (একক চক্রে) ঃ

(ক) মজুদ পূর্ব ব্যবস্থাপনা

ক্র: ন:	ব্যয়ের খাত	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	জমি/পুকুর			
	(ক) নিজস্ব (........শতাংশ)			
	(খ) ইজারা (........শতাংশ)	৩৩ শতাংশ	৫০০.০০	১৬,৫০০.০০
(২)	অবাঞ্চিত মাছ দূরীকরণে রোটেনন/ঔষধ প্রয়োগ	৩ কেজি	৪০০.০০	১,২০০.০০
(৩)	চুন প্রয়োগ (শতাংশে ১.০০ কেজি	৩৩ কেজি	১৫.০০	৫০০.০০
(৪)	টি এস পি সার	২০ কেজি	২২.০০	৪৪০.০০
(৫)	শ্রমিক	১ জন	৫০০.০০	৫০০.০০
	উপ-সমষ্টি :			১৯,১৪০.০০

ইজারাকৃত জমির ক্ষেত্রে প্রতি চক্রে (৬ মাস) ৫০০/- হিসাবে প্রতি শতাংশ জমির ইজারা ব্যয় বিবেচ্য। তবে কোন এলাকায় জমির ইজারা ব্যয় কম হলে হ্রাসমমান হারই বিবেচ্য হবে।

(খ) মজুদ কালীন ব্যবস্থাপনা

ক্র:ন:	ব্যয়ের খাত	সংখ্যা	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(ক)	পাবদা পোনা (৫-৭:সে:মি:) শতাংশে ৫০ টি	১,৬৫০ টি	০৩.০০	৪,৯৫০.০০
(খ)	কার্প পোনা (১২-১৫ সে:মি: শতাংশে ২৫ টি	৮২৫ টি	২০.০০	১৬,৫০০.০০
	উপ সমষ্টি :			২১,৪৫০.০০

(গ) মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

ক্র: ন:	ব্যয় বিবরণ	খাদ্য প্রয়োগের হার	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	সম্পুরক খাদ্য	মাছের দেহের ওজনের শতকরা ৪-৬ ভাগ	১৮০০ কেজি	৪০.০০	৭২,০০০.০০
(২)	পুকুরে টানার জন্য জাল ভাড়া ও শ্রমিকের মজুরী	-	-	-	১,৫০০.০০
(৩)	মাছের মড়ক রোধে ঔষধ প্রয়োগ	-	-	-	৩০০.০০
(৪)	অন্যান্য ব্যয় (বিদ্যুৎ, পুকুরে পানি সরবরাহ, পাহারা ইত্যাদি)	-	-	-	২,০০০.০০
	উপ-সমষ্টি :				৭৫,৮০০.০০

অক্সিজেনের অভাব হ্রাসকল্পে রাত্রিকালে ২/৩ ঘন্টা এ্যারেটর ব্যবহার করতে হবে। নচেৎ মাছ মরে যাওয়ার ঝুকি থাকবে।

(ঘ) বিবিধ/বিক্রয় ব্যয় (স্টেশনারী দ্রব্য, মোবাইল/ফোন, ভ্রমন ও যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি): ১১১০.০০

(ঙ) মোট উৎপাদন ব্যয় :

ক্র: নং	ব্যয় বিবরণ	মোট ব্যয় টাকা
(১)	মজুদ পূর্ব ব্যবস্থাপনা (পুকুর লিজমানি সহ)	১৯,১৪০.০০
(২)	মজুদ কালীন ব্যবস্থাপনা (পোনার মূল্য সহ)	২১,৪৫০.০০
(৩)	মজুদ পরবর্তী ব্যবস্থাপনা	৭৫,৮০০.০০
(৪)	বিবিধ/বিক্রয় ব্যয়	১,১১০.০০
	মোট :	১,১৭,৫০০.০০

০৭। অর্থায়ন পরিকল্পনা টাকা

(ক) ব্যাংক ঋণ (৮০%) : ৯৪,০০০.০০

(খ) উদ্যোক্তার বিনিয়গ (২০%) : ২৩,৫০০.০০

মোট ১,১৭,৫০০.০০

মাছের পোনা , খাদ্যের মূল্য ও মাছ বিক্রি মূল্য স্থান কাল ভেদে পরিবর্তনীয়। সম্ভাব্যতা যাচাই করে মুনাফাসহ সামগ্রিক দিক বিবেচনায় ইতিবাচক হলে জমির ইজারা ব্যয়সহ উৎপাদন ব্যয় হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে ঋণের পরিমান ১০% হ্রাস-বৃদ্ধি করা যাবে।

০৮। মাছ বিক্রি আয় :

ক্র: নং:	মাছের নাম	গড় ওজন	মোট ওজন	একক মূল্য	মোট মূল্য
(১)	পাবদা (১৫% মৃত্যুহার বাদে)	৫০ গ্রাম	৭০ কেজি	৩৫০.০০	২৪,৫০০.০০
(২)	কার্প (৫% মৃত্যুহার বাদে)	১৪০০ গ্রাম	১০৯৭ কেজি	১৫০.০০	১,৬৪,৫৫০.০০
	মোট :				১,৮৯,০৫০.০০

০৯। আয় ব্যয়ের হিসাব :

ক্র: নং:	বিবরণ	টাকা
(১)	মোট আয়	১,৮৯,০৫০.০০
(২)	মোট ব্যয়	১,১৭,৫০০.০০
(৩)	মোট লাভ	৭১,৫৫০.০০
(৪)	ঋণের সুদ ৯% হারে (৬ মাস)	৪,২৩০.০০
(৫)	নীট মুনাফা (এক চক্রে)	৬৭,৩২০.০০

R. Afroz.
১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

১৮.১০.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

সংযোজনী–‘জ’

শিং - মাগুর ও কার্পের মিশ্র মাছ চাষের ব্যয় ও ঋণ নিয়মাচার

০১। মাছের নাম ঃ শিং - মাগুর - কার্প মাছ মিশ্র চাষ।
০২। জলায়তনের পরিমাণ ঃ ৩৩ শতাংশ
০৩। পানির গড় উচ্চতা ঃ ৪ ফুট
০৪। চাষের ধরণ ঃ পোনা মাছ পালন করে বিক্রয়যোগ্য মাছ উৎপাদন।
০৫। চাষের মেয়াদ ঃ বছরে ২ বার (৬ মাস)।
০৬। মাছ উৎপাদন ব্যয় (একক চক্রে) ঃ

(ক) মজুদ পূর্ব ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	জমি/পুকুর			
	(ক) নিজস্ব (........শতাংশ)			
	(খ) ইজারা (........শতাংশ)	৩৩ শতাংশ	১০০০.০০	১৬৫০০.০০
(২)	অবাঞ্চিত মাছ দূরীকরণে রোটেনন/ঔষধ প্রয়োগ	৩ কেজি	৪০০.০০	২০০০.০০
(৩)	চুন প্রয়োগ (শতাংশে ১.০০ কেজি	৩৩ কেজি	২০.০০	৬৬০.০০
(৪)	টি এস পি সার	২৫ কেজি	৩৫.০০	২৪৫.০০
(৫)	শ্রমিক	১ জন	৫০০.০০	২০০০.০০
	উপ-সমষ্টি:			২১৪০৫.০০

ইজারাকৃত জমির ক্ষেত্রে প্রতি চক্রে (৬ মাস) ১,০০০.০০ হিসাবে প্রতি শতাংশ জমির ইজারা ব্যয় বিবেচ্য। তবে কোন এলাকায় জমির ইজারা ব্যয় কম হলে হ্রাসমমান হারই বিবেচ্য হবে।

(খ) মজুদ কালীন ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	সংখ্যা	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(ক)	শিং-মাগুর মাছের পোনা (২˝–৩˝সাইজ), শতাংশে ৪৫০ টি	১৪৮৫০ টি	১.৫০	২২২৭৫.০০
(খ)	কার্প মাছের পোনা ১২˝-১৫˝	১৫০ টি	২৫.০০	৩৭৫০.০০
	উপ-সমষ্টি :			২৬০২৫.০০

(গ) মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

ক্র: নং	ব্যয় বিবরণ	খাদ্য প্রয়োগের হার	পরিমান	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	সম্পুরক খাদ্য	মাছের দেহের ওজনের শতকরা ৫-৬ ভাগ	১৩৭১ কেজি	৫৫.০০	৭৫৪০৫.০০
(২)	মুরগীর নাড়িভুড়ি	-	-	-	-
(৩)	পুকুরে টানার জন্য জাল ভাড়া ও শ্রমিকের মজুরী	-	৪ বার	৫০০.০০	২০০০.০০
(৪)	মাছের মড়ক রোধে ঔষধ প্রয়োগ	-	-	-	৬০০০.০০
(৫)	অন্যান্য ব্যয় (বিদ্যুৎ, পুকুরে পানি সরবরাহ, পাহারা ইত্যাদি)	-	-	-	৮০০০.০০
	উপ-সমষ্টি :				৯১৪০৫.০০

অক্সিজেনের অভাব হ্রাসকল্পে রাত্রিকালে ২/৩ ঘন্টা এ্যারেটর ব্যবহার করতে হবে। নচেৎ মাছ মরে যাওয়ার ঝুকি থাকবে।
(ঘ) বিবিধ/বিক্রয় ব্যয় (স্টেশনারী দ্রব্য, মোবাইল/ফোন,ভ্রমন ও যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি): ৫০০০.০০

(ঙ) মোট উৎপাদন ব্যয়

ক্র: নং:	ব্যয় বিবরণ	মোট ব্যয় টাকা
(১)	মজুদ পূর্ব ব্যবস্থাপনা (পুকুর লিজমানি সহ)	২১৪০৫.০০
(২)	মজুদ কালীন ব্যবস্থাপনা (পোনার মূল্য সহ)	২৬০২৫.০০
(৩)	মজুদ পরবর্তী ব্যবস্থাপনা	৯১৪০৫.০০
(৪)	বিবিধ/বিক্রয় ব্যয়	৫০০০.০০
	মোট :	১৪৩৮৩৫.০০

০৭। অর্থায়ন পরিকল্পনা টাকা

(ক) ব্যাংক ঋণ (৮০%) : ১,১৫,০০০.০০
(খ) উদ্যোক্তার বিনিয়গ (২০%) : ২৮,৮৩৫.০০
মোট ১,৪৩,৮৩৫.০০

মাছের পোনা , খাদ্যের মূল্য ও মাছ বিক্রি মূল্য স্থান কাল ভেদে পরিবর্তনীয়। সম্ভাব্যতা যাচাই করে মুনাফাসহ সামগ্রিক দিক বিবেচনায় ইতিবাচক হলে জমির ইজারা ব্যয়সহ উৎপাদন ব্যয় হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে ঋণের পরিমান ১০% হ্রাস-বৃদ্ধি করা যাবে।

০৮। মাছ বিক্রি আয়

ক্র: নং	মাছের নাম	গড় ওজন	মোট ওজন	একক মূল্য	মোট মূল্য
(১)	শিং-মাগুর মাছ (২৫% মৃত্যুহার বাদে)	৫০ গ্রাম	৫৫৭ কেজি	৩২০.০০	১,৭৮,২৪০.০০
(২)	কার্প মাছ (৫% মৃত্যুহার বাদে)	১.২০ কেজি	১৭১ কেজি	১৫০.০০	২৭,৩৬০.০০
	মোট :				২,০৫,৬০০.০০

০৯। আয় ব্যয়ের হিসাব

ক্র: নং:	বিবরণ	টাকা
(১)	মোট আয়	২,০৫,৬০০.০০
(২)	মোট ব্যয়	১,৪৩,৮৩৫.০০
(৩)	মোট লাভ	৬১,৭৬৫.০০
(৪)	ঋণের সুদ ১৩% হারে (৬ মাস)	৫,১৭৫.০০
(৫)	নীট মুনাফা (এক চক্রে)	৫৬,৫৯০.০০

R. Afroz.
১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

১৮.১০.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

সংযোজনী–‘ঝ’

নার্সারী পুকুরে কার্প জাতীয় মাছের রেণু/পোনা প্রতিপালনের ব্যয় ও ঋণ নিয়মাচার

০১। মাছের নাম ঃ কার্প জাতীয় মাছের পোনা প্রতিপালন।
০২। জলায়তনের পরিমাণ ঃ ৩৩ শতাংশ
০৩। পানির গড় উচ্চতা ঃ ৪ ফুট
০৪। চাষের ধরণ ঃ রেণু পালন করে বিক্রয়যোগ্য মাছ উৎপাদন।
০৫। চাষের মেয়াদ ঃ বছরে ৩ বার (৪ মাস)।
০৬। পোনা উৎপাদন ব্যয় (একক চক্রে) ঃ

(ক) মজুদ পূর্ব ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	জমি/পুকুর			
	(ক) নিজস্ব (........শতাংশ)			
	(খ) ইজারা (........শতাংশ)	৩৩ শতাংশ	৫০০.০০	১৬৫০০.০০
(২)	অবাঞ্চিত মাছ দূরীকরণে রোটেনন/ঔষধ প্রয়োগ	৪ কেজি	৪০০.০০	১,৬০০.০০
(৩)	চুন প্রয়োগ (শতাংশে ১.০০ কেজি	৬৬ কেজি	১৫.০০	৯৯০.০০
(৪)	গার	২৫ কেজি	২২.০০	৫৫০.০০
(৫)	সুমিথিয়ন/ডিপটারেক্স	৮০০ মিলি	৪ টাকা/মিলি	৩,২০০.০০
(৬)	শ্রমিক	৪ জন	৫০০.০০	২০০০.০০
	উপ-সমষ্টি :			২৪,২৯০.০০

ইজারাকৃত জমির ক্ষেত্রে প্রতি চক্রে (৪ মাস) ৫০০/- হিসাবে প্রতি শতাংশ জমির ইজারা ব্যয় বিবেচ্য। তবে কোন এলাকায় জমির ইজারা ব্যয় কম হলে হ্রাসমমান হারই বিবেচ্য হবে।

(খ) মজুদ কালীন ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	সংখ্যা	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(ক)	কার্প জাতীয় মাছের রেণু	১ কেজি	৩০০০.০০	৩,০০০.০০
	উপ-সমষ্টি :			৩,০০০.০০

(গ) মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

ক্র: নং:	ব্যয় বিবরণ	খাদ্য প্রয়োগের হার	পরিমান	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	সম্পুরক খাদ্য	মাছের দেহের ওজনের শতকরা ১০-৬ ভাগ	৩০০ কেজি	৪০.০০	১২,০০০.০০
(২)	সিদ্দ খুদ		-	-	-
(৩)	পুকুরে টানার জন্য জাল ভাড়া ও শ্রমিকের মজুরী	-	-	-	১,৫০০.০০
(৪)	মাছের মড়ক রোধে ঔষধ প্রয়োগ	-	-	-	১,০০০.০০
(৫)	অন্যান্য ব্যয় (বিদ্যুৎ, পুকুরে পানি সরবরাহ, পাহারা ইত্যাদি)	-	-	-	২,০০০.০০
	উপ-সমষ্টি :				১৬,৫০০.০০

অক্সিজেনের অভাব হ্রাসকল্পে রাত্রিকালে ২/৩ ঘন্টা এ্যারেটর ব্যবহার করতে হবে। নচেৎ মাছ মরে যাওয়ার ঝুকি থাকবে।
(ঘ) বিবিধ/বিক্রয় ব্যয় (স্টেশনারী দ্রব্য, মোবাইল/ফোন,ভ্রমন ও যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি): ১২১০.০০

(ঙ) মোট উৎপাদন ব্যয়

ক্র: ন:	ব্যয় বিবরণ	মোট ব্যয় টাকা
(১)	মজুদ পূর্ব ব্যবস্থাপনা (পুকুর লিজমানি সহ)	২৪,২৯০.০০
(২)	মজুদ কালীন ব্যবস্থাপনা (পোনার মূল্য সহ)	৩,০০০.০০
(৩)	মজুদ পরবর্তী ব্যবস্থাপনা	১৬,৫০০.০০
(৪)	বিবিধ/বিক্রয় ব্যয়	১,২১০.০০
	মোট :	৪৫,০০০.০০

০৭। অর্থায়ন পরিকল্পনা টাকা

(ক) ব্যাংক ঋণ (৮০%) : ৩৬,০০০.০০
(খ) উদ্যোক্তার বিনিয়গ (২০%) : ৯,০০০.০০
মোট ৪৫,০০০.০০

মাছের পোনা , খাদ্যের মূল্য ও মাছ বিক্রি মূল্য স্থান কাল ভেদে পরিবর্তনীয়। সম্ভাব্যতা যাচাই করে মুনাফাসহ সামগ্রিক দিক বিবেচনায় ইতিবাচক হলে জমির ইজারা ব্যয়সহ উৎপাদন ব্যয় হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে ঋণের পরিমান ১০% হ্রাস-বৃদ্ধি করা যাবে।

০৮। মাছ বিক্রি আয় :

ক্র: ন:	মাছের নাম	গড় ওজন	সংখ্যা	একক মূল্য	মোট মূল্য
(১)	পোনা উৎপাদন	১৫০ গ্রাম	২৫,৮০০ টি	৪.০০	১,০৩,২০০.০০
	মোট :				১,০৩,২০০.০০

০৯। আয় ব্যয়ের হিসাব :

ক্র: ন:	বিবরণ	টাকা
(১)	মোট আয়	১,০৩,২০০.০০
(২)	মোট ব্যয়	৪৫,০০০.০০
(৩)	মোট লাভ	৫৮,২০০.০০
(৪)	ঋণের সুদ ১৩% হারে (৬ মাস)	১,৬২০.০০
(৫)	নীট মুনাফা (এক চক্রে)	৫৬,৫৮০.০০

R. Afroz.
১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

১৮.১০.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

কুচিয়া চাষের ব্যয় ও ঋণ নিয়মাচার

০১। মাছের নাম ঃ কুচিয়া চাষ।

০২। জলায়তনের পরিমাণ ঃ বকচরসহ (চৌবাচ্চার দৈর্ঘ্য ৩৪ফিট,প্রস্থ ১৬ফিট)=৫৪৪ বর্গফুট, পার্শ্ববর্তী রাস্তাসহ জমির পরিমাণ ২ শতক

০৩। পানির গড় উচ্চতা ঃ ২.৫ ফিট

০৪। চাষের ধরণ ঃ আধা নিবিড়

০৫। চাষের মেয়াদ ঃ বছরে ২ বার (৬ মাস)।

০৬। পোনা উৎপাদন ব্যয় (একক চক্রে) ঃ

(ক) মজুদ পূর্ব ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	জমি/পুকুর			
	(ক) নিজস্ব (........শতাংশ)			
	(খ) ইজারা (........শতাংশ)	২ শতক	৫০০.০০	১০০০.০০
(২)	চাষের জন্য ডিচ স্থাপন	৬১.৬১ ঘনমিটার	১৬২.৩১	১০০০০.০০
(৩)	ত্রিপাল ও পলিথিন ক্রয়	১০৭৫ বর্গফুট	২৩.০০	২৪৭২৫.০০
(৪)	বাঁশের বেড়া নির্মাণ ব্যয়	৩১২ বর্গফুট	১৩.০০	৪০৫৬.০০
(৫)	চুন প্রয়োগ (শতাংশে ১.০০ কেজি)	৭ কেজি	২০.০০	১৪০.০০
(৬)	টিএসপি সার	৪ কেজি	২৫.০০	১০০.০০
(৭)	শ্রমিক	২০ জন	৪০০.০০	৮০০০.০০
	উপ-সমষ্টি :			৪৮০২১.০০

ইজারাকৃত জমির ক্ষেত্রে প্রতি চক্রে (৬ মাস) ৫০০.০০ হিসাবে প্রতি শতাংশ জমির ইজারা ব্যয় বিবেচ্য। তবে কোন এলাকায় জমির ইজারা ব্যয় কম হলে হ্রাসমমান হারই বিবেচ্য হবে।

(খ) মজুদ কালীন ব্যবস্থাপনা

ক্র:নং	ব্যয়ের খাত	সংখ্যা	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(ক)	অবমুক্ত কুচিয়ার পোনার পরিমাণ	২১০০টি	১২.০০	২৫২০০.০০
	উপ-সমষ্টি :			২৫২০০.০০

(গ) মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

ক্র: নং:	ব্যয় বিবরণ	খাদ্য প্রয়োগের হার	পরিমান	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	সম্পুরক খাদ্য	এফসিআর ১.৫	৯৭৯ কেজি	৪৫.০০	৪৪০৫৫.০০
(২)	পুকুরে টানার জন্য জাল ভাড়া ও শ্রমিকের মজুরী	-	৬জন	৪০০.০০	২৪০০.০০
(৩)	মাছের মড়ক রোধে ঔষধ প্রয়োগ	-	-	-	১০০০.০০
(৪)	অন্যান্য ব্যয় (বিদ্যুৎ, পুকুরে পানি সরবরাহ, পাহারা ইত্যাদি)	-	-	-	২০০০.০০
	উপ-সমষ্টি :				৪৯৪৫৫.০০

অক্সিজেনের অভাব হ্রাসকল্পে রাত্রিকালে ২/৩ ঘন্টা এ্যারেটর ব্যবহার করতে হবে। নচেৎ মাছ মরে যাওয়ার ঝুকি থাকবে।
(ঘ) বিবিধ/বিক্রয় ব্যয় (স্টেশনারী দ্রব্য, মোবাইল/ফোন,ভ্রমন ও যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি): ৫৭৯.০০

(ঙ) মোট উৎপাদন ব্যয়

ক্র: নং	ব্যয় বিবরণ	মোট ব্যয় টাকা
(১)	মজুদ পূর্ব ব্যবস্থাপনা (পুকুর লিজমানি সহ)	৪৮,০২১.০০
(২)	মজুদ কালীন ব্যবস্থাপনা (পোনার মূল্য সহ)	২৫,২০০.০০
(৩)	মজুদ পরবর্তী ব্যবস্থাপনা	৪৯,৪৫৫.০০
(৪)	বিবিধ/বিক্রয় ব্যয়	৫৭৯.০০
	মোট :	১,২৩,২৫৫.০০

০৭। অর্থায়ন পরিকল্পনা টাকা

(ক) ব্যাংক ঋণ (৮০%) : ৯৮,৬০০.০০
(খ) উদ্যোক্তার বিনিয়গ (২০%) : ২৪,৬৫৫.০০
মোট ১,২৩,২৫৫.০০

মাছের পোনা , খাদ্যের মূল্য ও মাছ বিক্রি মূল্য স্থান কাল ভেদে পরিবর্তনীয়। সম্ভাব্যতা যাচাই করে মুনাফাসহ সামগ্রিক দিক বিবেচনায় ইতিবাচক হলে জমির ইজারা ব্যয়সহ উৎপাদন ব্যয় হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে ঋণের পরিমান ১০% হ্রাস-বৃদ্ধি করা যাবে।

০৮। মাছ বিক্রি আয় :

ক্র: নং:	মাছের নাম	গড় ওজন	মোট ওজন	একক মূল্য	মোট মূল্য
(১)	কুচিয়া (৫% মৃত্যু হার বাদে)	৩২৫ গ্রাম	৬৫০ কেজি	২৮০.০০	১,৮২,০০০.০০
	মোট :				১,৮২,০০০.০০

০৯। আয় ব্যয়ের হিসাব :

ক্র: নং:	বিবরণ	টাকা
(১)	মোট আয়	১,৮২,০০০.০০
(২)	মোট ব্যয়	১,২৩,২৫৫.০০
(৩)	মোট লাভ	৫৮,৭৪৫.০০
(৪)	ঋণের সুদ ১৩% হারে (৬ মাস)	৪,৪৩৭.০০
(৫)	নীট মুনাফা (এক চক্রে)	৫৪,৩০৮.০০

বি.দ্র. একবার চাষ কার্যক্রম শুরু করলে, পরবর্তী ২ বছর বা ০৪ শস্যে মজুদ পূর্ব ব্যবস্থার ৪৫,০০০.০০ ব্যয় হ্রাস পাবে এবং লাভ হবে ৮৬,০০০.০০।

R. Afroz.
১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

১৮.১০.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

সংযোজনী–'ট'

মুক্তা চাষের ব্যয় ও ঋণ নিয়মাচার

০১। মাছের নাম ঃ মাছ ও মুক্তা চাষ
০২। জলায়তনের পরিমাণ ঃ ৩৩ শতাংশ
০৩। পানির গড় উচ্চতা ঃ ৬ ফুট
০৪। চাষের ধরণ ঃ আধা নিবিড়
০৫। চাষের মেয়াদ ঃ বছরে ১ বার (মাচের উৎপাদন ২ চক্র, মুক্তা উৎপাদন ১ চক্র)।
০৬। পোনা উৎপাদন ব্যয় (একক চক্রে) ঃ

(ক) মজুদ পূর্ব ব্যবস্থাপনা

ক্র:নঃ	ব্যয়ের খাত	পরিমাণ	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	জমি/পুকুর			
	(ক) নিজস্ব (........শতাংশ)			
	(খ) ইজারা (........শতাংশ)	৩৩শতাংশ	১০০০.০০	৩৩০০০.০০
(২)	অবাঞ্চিত মাছ দূরীকরণে রোটেনন/ঔষধ প্রয়োগ	৩ কেজি	৪০০.০০	১২০০.০০
(৩)	চুন প্রয়োগ (শতাংশে ১.০০ কেজি) ৩৩ কেজি হারে ২বার	৬৬ কেজি	১৫.০০	৯৯০.০০
(৪)	টিএসপি সার	৫০ কেজি	২২.০০	১১০০.০০
(৫)	সার্জারী বক্স (নিডল,ফরসেফ,স্কালপেল ইত্যাদি)	১ টি	১০০০.০০	১০০০.০০
(৬)	নেট, ফ্লোট, রশি অন্যান্য			২০০০.০০
(৭)	শ্রমিক	১০ জন	৫০০.০০	৫০০০.০০
	উপ-সমষ্টি :			৪৪২৯০.০০

ইজারাকৃত জমির ক্ষেত্রে বাৎসরিক (১২ মাস) ১০০০.০০ হিসাবে প্রতি শতাংশ জমির ইজারা ব্যয় বিবেচ্য। তবে কোন এলাকায় জমির ইজারা ব্যয় কম হলে হ্রাসমমান হারই বিবেচ্য হবে।

(খ) মজুদ কালীন ব্যবস্থাপনা

ক্র:নঃ	ব্যয়ের খাত	সংখ্যা	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(ক)	কার্প জাতীয় পোনা (৬˝-৮˝ আকারের) শতাংশ ২০টি হারে বছরে ২বার)	১৩২০টি	৪০.০০	৫২,৮০০.০০
(খ)	এডাল্ট ঝিনুক ক্রয়	৩০০০ টি	৫.০০	১৫,০০০.০০
(গ)	নিউক্লিয়াস ডিজাইন/ইমেজ ক্রয়	৫০০০ টি	৩.০০	১৫,০০০.০০
	উপ-সমষ্টি :			৮২,৮০০.০০

(গ) মজুদ পরবর্তী ব্যবস্থাপনা

ক্র:নং:	ব্যয় বিবরণ	খাদ্য প্রয়োগের হার	পরিমান	একক মূল্য টাকা	মোট মূল্য টাকা
(১)	সম্পুরক খাদ্য	মাছের দেহের ওজনের শতকরা ৪-৬ ভাগ	২০০০কেজি	৪৫.০০	৯০,০০০.০০
(২)	রাসায়নিক সার		৩০০ কেজি	২৫.০০	৭৫০০.০০
(৩)	ইস্ট মোলাসেস				১০০০.০০
(৪)	পুকুরে টানার জন্য জাল ভাড়া ও শ্রমিকের মজুরী	-	-	-	৩০০০.০০
(৫)	মাছের মড়ক রোধে ঔষধ প্রয়োগ	-	-	-	১,০০০.০০
(৬)	অন্যান্য ব্যয় (বিদ্যুৎ, পুকুরে পানি সরবরাহ, পাহারা ইত্যাদি)	-	-	-	৫০০০.০০
	উপ-সমষ্টি :				১,০৭,৫০০.০০

অক্সিজেনের অভাব হ্রাসকল্পে রাত্রিকালে ২/৩ ঘন্টা এ্যারেটর ব্যবহার করতে হবে। অন্যথা মাছ মরে যাওয়ার ঝুকি থাকবে।

(ঘ) বিবিধ/বিক্রয় ব্যয় (স্টেশনারী দ্রব্য, মোবাইল/ফোন,ভ্রমন ও যাতায়াত, আপ্যায়ন ইত্যাদি): ২,৯৯০.০০

(ঙ) মোট উৎপাদন ব্যয়

ক্র: নং	ব্যয় বিবরণ	মোট ব্যয় টাকা
(১)	মজুদ পূর্ব ব্যবস্থাপনা (পুকুর লিজমানি সহ)	৪৪,২৯০.০০
(২)	মজুদ কালীন ব্যবস্থাপনা (মাছের পোনা ও ঝিনুক ক্রয়)	৮২,৮০০.০০
(৩)	মজুদ পরবর্তী ব্যবস্থাপনা	১,০৭,৫০০.০০
(৪)	বিবিধ/বিক্রয় ব্যয়	২,৯৯০.০০
	মোট :	২,৩৭,৫৮০.০০

০৭। অর্থায়ন পরিকল্পনা টাকা

(ক) ব্যাংক ঋণ (৮০%) : ১,৯০,০০০.০০
(খ) উদ্যোক্তার বিনিয়গ (২০%) : ৪৭,৫৮০.০০
মোট ২,৩৭,৫৮০.০০

মাছের পোনা , খাদ্যের মূল্য, মাছ ও ঝিনুক বিক্রি মূল্য স্থান কাল ভেদে পরিবর্তনীয়। সম্ভাব্যতা যাচাই করে মুনাফাসহ সামগ্রিক দিক বিবেচনায় ইতিবাচক হলে জমির ইজারা ব্যয়সহ উৎপাদন ব্যয় হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে ঋণের পরিমান ১০% হ্রাস-বৃদ্ধি করা যাবে।

০৮। বিক্রি আয় :

ক্র: নং	বিবরণ	গড় ওজন	সংখ্যা	একক মূল্য	মোট মূল্য
(১)	মাছ (মৃত্যু হার ৫% বাদে)	১.৫০ কেজি	১২৫৪ কেজি	১৬০.০০	২,০০,৬৪০.০০
(২)	উৎপাদিত মুক্তা (মৃত্যু হার ২০% বাদে)	মুক্তা ৪০০০ টি		১২৫.০০	৫,০০,০০০.০০
	মোট :				৭,০০,৬৪০.০০

০৯। আয় ব্যয়ের হিসাব :

ক্র: নং	বিবরণ	টাকা
(১)	মোট আয়	৭,০০,৬৪০.০০
(২)	মোট ব্যয়	২,৩৭,৫৮০.০০
(৩)	মোট লাভ	৪,৬৩,০৬০.০০
(৪)	ঋণের সুদ ৯% হারে (৬ মাস)	৮,৫৫০.০০
(৫)	নীট মুনাফা (এক চক্রে)	৪,৫৪,৫১০.০০

R. Afroz.
১৮.১০.২০২০
(রুমানা আফরোজ)
মুখ্য কর্মকর্তা

১৮.১০.২০২০
(মোঃ ছলিম উদ্দীন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা